ব্যাংক-অর্থনীতি-ব্যবসা-বাণিজ্য সম্পর্কিত দৈনিক পত্রিকার প্রতিবেদন সমূহের ই-ক্লিপিং

তারিখঃ বুধবার, ০৮ মে ২০২৪

ক্রমিক নং:	সংবাদের শিরোনাম	মিডিয়ার নাম	পৃষ্ঠা নং
	ব্যাংকিং খবরাখবর:		
১.	একীভূতকরণের চাপিয়ে দেওয়া সিদ্ধান্তে হোঁচট	সমকাল	০১
২.	পিতার মৃত্যুর তিন বছরেই সব হারাচ্ছেন রন-রিক	বণিক বার্তা	০১
৩.	ন্যাশনাল ব্যাংকের নতুন পর্ষদে যারা যুক্ত হলেন	আমাদের সময়	০১
৪.	আবারও বাজারের ওপর ছেড়ে দেওয়া হচ্ছে ব্যাংক ঋণের সুদহার	দৈনিক ইত্তেফাক	০১
৫.	Four state banks' bad loans jump 27% as delinquencies rise	The Daily Star	B1
৬.	Cenbank may increase policy rate further	The Business Standard	Banking
৭.	Interest regime being deregulated from SMART control	The Financial Express	01
৮.	Pvt sector short-term foreign loans now $11.04b	NEWAGE	10
৯.	A welcome step but will it be enough to boost reserves?	The Daily Star	01
১০.	Bangladesh to seek over 36b yuan in Chinese loans	The Daily Star	01
১১.	HSBC's 2023 profit nearly Tk 1,000cr	The Daily Star	B1
	জাতীয় অর্থনীতি:		
১২.	আইএমএফের ঋণের তৃতীয় কিস্তি পাচ্ছে বাংলাদেশ	সমকাল	০১
১৩.	পণ্য আমদানির শর্ত শিথিল করতে বলেছে আইএমএফ	নয়া দিগন্ত	০১
১৪.	গতি নেই অর্থনীতিতে	বাংলাদেশ প্রতিদিন	০১
১৫.	দেশের ৩০ শতাংশ সম্পদের মালিক ১০ শতাংশ পরিবার	বাংলাদেশ প্রতিদিন	০১
১৬.	সব শর্ত পূরণ না হলেও যথাসময়ে ঋণের তৃতীয় কিস্তি পাওয়ার আশা	আমাদের সময়	০১
১৭.	অর্থসংকটে এডিপির আকার বাড়ছে ২ হাজার কোটি টাকা	প্রথম আলো	১১
১৮.	দুই লাখ ৬৫ হাজার কোটি টাকার নতুন এডিপি	সমকাল	১২
১৯.	দেশে প্রবৃদ্ধির হার নিয়ে এক দশক ধরে খেলা চলছে	প্রথম আলো	১১
২০.	আমদানির ৫ বিলিয়ন ডলার দায় শোধ করতে পারছে না বাংলাদেশ	নয়া দিগন্ত	১২
২১.	আইএমএফের প্রেসক্রিপশনে বাজেট ভয়ংকর হবে	যুগান্তর	০১
২২.	Tk 2.65 trillion ADP estimated for FY '25	The Financial Express	01
২৩.	ADP to see record foreign funds next fiscal year	The Daily Star	01
২৪.	Economic crisis may deepen in 2026	The Daily Star	B1
২৫.	Investment, employment, basic allocations disprove growth data	The Financial Express	01
	ব্যবসা-বাণিজ্য ও সংগঠন:		
২৬.	New entity wants to enter saturated insurance market	The Daily Star	B1
২৭.	No commission or service fee for claim settlement	The Daily Star	B4

২৮.	RMG makers speak out against NBR harassment	Dhaka Tribune	B1
২৯.	US Trade Show kicks off tomorrow	The Financial Express	12
	শেয়ারবাজার সংবাদঃ		
৩০.	দুই দিনে এনবিএলের বড় অঙ্কের শেয়ারের হাতবদল	প্রথম আলো	১১
৩১.	ডিএসইতে লেনদেন বেড়ে ১১শ কোটি টাকা	সমকাল	১২
৩২.	সূচকের মৃদু পতনেও বেচাকেনায় উত্তাপ	নয়া দিগন্ত	০৮
৩৩.	DSE turnover tops Tk 1,100cr	NEWAGE	10
৩৪.	Stocks break 5-day gaining streak	The Daily Star	B4
৩৫.	Inside information damages market: Debapriya	The Financial Express	09
৩৬.	AFC Capital tiptoes out of market leaving behind bad IPOs,	The Financial Express	09
	সম্পাদকীয় ও বিশ্লেষণঃ		
৩৭.	সংকোচনমূলক মুদ্রানীতিতে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা বেশি ক্ষতিগ্রস্ত হয়	বণিক বার্তা	০৪
৩৮.	Addressing three key challenges in Bangladesh economy	The Financial Express	04

অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস
সমকাল
প্রকাশ: বুধবার, ০৮ মে ২০২৪ পৃষ্ঠা নং- ০১

একীভূতকরণের চাপিয়ে দেওয়া সিদ্ধান্তে হোঁচট

ব্যাংক খাতে অস্থিরতা

এপ্রিল শেষে ১৬ হাজার কোটি টাকার সিআরআর ঘাটতি

যে উপায়ে ব্যাংক একীভূত করা হচ্ছে, তাতে প্রকৃত সমস্যার সমাধান হবে না; বরং ভালো ব্যাংকও সমস্যায় পড়বে

ড. মইনুল ইসলাম

■ ওবায়দুল্লাহ রনি

ব্যাংক একীভূতকরণ নিয়ে বাংলাদেশ ব্যাংকের চাপিয়ে দেওয়া সিদ্ধান্ত হোঁচট খেয়েছে। নীতিমালা জারির আগেই তড়িঘড়ি করে কয়েকটি ব্যাংককে ডেকে একীভূত করার নির্দেশ দেওয়ার পর বিরূপ প্রতিক্রিয়া দেখা দিয়েছে। এর প্রভাবে কোনো কোনো ব্যাংক থেকে ব্যক্তি পর্যায়ের পাশাপাশি প্রাতিষ্ঠানিক আমানত তোলার চাপ বেড়েছে। যদিও নানা উপায়ে তা ঠেকানোর চেষ্টা করছে ব্যাংকগুলো।

সুদ যোগ হয়ে প্রতি মাসে ব্যাংক খাতে আমানত বৃদ্ধির কথা। তবে না বেড়ে অনেকদিন ধরে ১৮ লাখ কোটি টাকার আশপাশেই রয়েছে। এপ্রিল শেষে ব্যাংক খাতের আমানতের পরিমাণ দাঁড়িয়েছে ১৮ লাখ ৪ হাজার কোটি টাকা। এর বিপরীতে বিধিবদ্ধ নগদ জমা (সিআরআর) বাবদ ৪ শতাংশ হারে ৭২ হাজার ১৭৫ কোটি টাকা কেন্দ্রীয় ব্যাংকে রাখার কথা। অনেক ব্যাংক নির্ধারিত সীমার বেশি রাখলেও কিছু ব্যাংকের বড় অঙ্কের ঘাটতি রয়েছে। সব মিলিয়ে ঘাটতি দাঁড়িয়েছে প্রায় ১৬ হাজার কোটি টাকা।

সংশ্লিষ্টরা জানান, নীতিমালা জারির আগেই একের পর এক ব্যাংক একীভূতকরণের সিদ্ধান্ত চাপিয়ে দেয় বাংলাদেশ ব্যাংক। এসব ব্যাংকের পর্ষদ বা ব্যবস্থাপনার সঙ্গে সংশ্লিষ্টদের অনেকেই এ প্রক্রিয়ায় সম্মত ছিলেন না। কিন্তু কেউ কেউ বাধ্য হয়ে সায় দেন। কেন্দ্রীয় ব্যাংকের পক্ষ থেকে এ নিয়ে বিশেষজ্ঞদের সঙ্গেও কোনো আনুষ্ঠানিক আলোচনা করা হয়নি। একীভূতকরণ করতে কোন ধরনের চ্যালেঞ্জ সামনে আসতে পারে, তা না বুঝেই তড়িঘড়ি করা হয়। বিষয়টি একেবারে নতুন হওয়ায় এত আতঙ্ক ছড়িয়েছে।

ব্যাংকাররা জানান, উচ্চ মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে সংকোচনমূলক মুদ্রানীতি, কেন্দ্রীয় ব্যাংক থেকে ডলার বিক্রির বিপরীতে বাজার থেকে টাকা উঠে যাওয়াসহ বিভিন্ন কারণে বেশ কিছুদিন ধরে এমনিতেই ব্যাংক খাতে তারল্য সংকট চলছে। কেন্দ্রীয় ব্যাংক ও অন্য ব্যাংক থেকে প্রতিদিনই কোনো না কোনো ব্যাংক ধার করে চলছে। এর মধ্যে একীভূতকরণ নিয়ে আতঙ্কের কারণে সংকট আরও বেড়েছে। কেবল একীভূতকরণের আলোচনায় থাকা ব্যাংক থেকে আমানত উত্তোলন হচ্ছে, তেমন নয়। অন্য ব্যাংক থেকেও উত্তোলন হচ্ছে। যারা টাকা তুলছে, তাদের অনেকেই আরেক ব্যাংকে রাখছে। কেউ কেউ বেশি সুদের ট্রেজারি বিল ও বন্ড কিনে রাখছে। এ অবস্থার উন্নয়নে কেন্দ্রীয় ব্যাংকের একটি সুনির্দিষ্ট নীতিমালা ঘোষণা করা দরকার। সামগ্রিকভাবে না বলে কীভাবে আমানত ফেরত পাবে, না দিলে ওই ব্যাংকের কী হবে– ইত্যাদি ধরে ধরে উল্লেখ করতে হবে।

পৃষ্ঠা ১৩ : কলাম ২

একীভূতকরণের চাপিয়ে দেওয়া

[প্রথম পৃষ্ঠার পর]

না হলে একীভূতকরণ সফল হবে না। বরং আতঙ্কে পড়ে ভালো কিছু ব্যাংক দুর্বল হবে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সাবেক অধ্যাপক ড. মইনুল ইসলাম সমকালকে বলেন, যে উপায়ে ব্যাংক একীভূতকরণ করা হচ্ছে, তাতে প্রকৃত সমস্যার সমাধান হবে না। বরং চাপিয়ে দেওয়ার মাধ্যমে ভালো ব্যাংকগুলোকেও সমস্যায় ফেলা হবে। তিনি বলেন, ব্যাংকিং খাতের মূল সমস্যা ঋণখেলাপিদের প্রতি সরকারের উদার দৃষ্টিভঙ্গি। রাঘববোয়াল ইচ্ছাকৃত ঋণখেলাপিদের বিরুদ্ধে কঠোর কোনো ব্যবস্থা না নেওয়ায় খেলাপি ঋণ বাড়তে বাড়তে এখন সাড়ে ৪ লাখ কোটি টাকা ছাড়িয়েছে। খেলাপি ঋণ গোপন করতে সরকার এর আগে বিভিন্ন ব্যবস্থা নিয়েছে। তাঁর মতে, ট্রাইব্যুনাল গঠনের মাধ্যমে ইচ্ছাকৃত খেলাপিদের শাস্তির আওতায় আনতে হবে। তা না করে ব্যাংক একীভূতকরণ করে প্রকৃত সমস্যার কোনো সমাধান হবে না।

ব্যাংক এশিয়ার সাবেক ব্যবস্থাপনা পরিচালক মো. আরফান আলী সমকালকে বলেন, ব্যাংক একীভূতকরণ প্রক্রিয়া কখনও মসৃণ হয় না। ফলে একীভূতকরণ শুরুর আগেই কেন্দ্রীয় ব্যাংকের যথেষ্ট প্রস্তুতি নেওয়া দরকার ছিল। একীভূতকরণ একমাত্র অপশন না রেখে বিকল্প ব্যবস্থা রাখতে হতো। কোনো ব্যাংকের হয়তো ২ হাজার কোটি টাকার মূলধন ঘাটতি। এখন তাকে সময় দিয়ে বলতে হতো, এ সময়ের মধ্যে মূলধন জোগান না দিলে ব্যাংক থাকবে না। এ ছাড়া আমানতকারীরা অনেক সময় সঠিক তথ্য পায় না। কিছু হলেই মনে করে টাকা ফেরত পাবে না। যে কারণে কেন্দ্রীয় ব্যাংক থেকে এ বিষয়ে আশ্বস্ত করতে হবে।

বেসরকারি একটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক সমকালকে বলেন, সুনির্দিষ্ট নীতিমালা ছাড়া যে উপায়ে ব্যাংক একীভূত করা হচ্ছে, তাতে আতঙ্ক ছড়াবে– এটাই স্বাভাবিক। কেননা, যে নীতিমালা দেওয়া হয়েছে সেখানে আমানত ফেরতে অগ্রাধিকারের কথা বলা হয়েছে। তবে ফেরত না দিলে কেন্দ্রীয় ব্যাংক দায়িত্ব নেবে কিনা– বলা হয়নি। কেন্দ্রীয় ব্যাংকের লাইসেন্স নিয়ে কাজ করা অনেক আর্থিক প্রতিষ্ঠান টাকা ফেরত না দিলেও তাদের কিছুই হচ্ছে না। আবার একীভূত হওয়ার পর তিন বছর কারও চাকরি যাবে না বলা হচ্ছে। এখন মনস্তাত্ত্বিক চাপ তৈরি করে কাউকে পদত্যাগে বাধ্য করা হলে সুরক্ষা দেওয়া হবে কিনা– বলা হচ্ছে না। এ ছাড়া দায় থাকুক বা না থাকুক, একীভূত হওয়া ব্যাংকের এমডি ও ডিএমডি ভালো ব্যাংকে যেতে পারবেন না। আবার ব্যাংকটি খারাপ করার পেছনে যাদের দায় আছে, তাদের শেয়ার বাজেয়াপ্ত হবে কিনা, সে বিষয়ে বলা নেই। সবচেয়ে বড় বিষয়, মন্দ ঋণের কী হবে– তার কোনো দিকনির্দেশনা নেই।

বাংলাদেশ ব্যাংকের ঘোষিত নীতিমালা অনুযায়ী, আগামী বছরের মার্চের পর বাধ্যতামূলক ব্যাংক একীভূতকরণ শুরু হওয়ার কথা। আর এ জন্য বিভিন্ন প্রক্রিয়া অনুসরণ করতে হবে। তবে এসব না মেনে কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর আব্দুর রউফ তালুকদার ও পলিসি উপদেষ্টা আবু ফরাহ মো. নাছের এ পর্যন্ত ১০টি ব্যাংকের চেয়ারম্যান-এমডিকে ডেকে একীভূত হওয়ার নির্দেশ দিয়েছেন। এর মধ্যে গত ১৪ মার্চ এক্সিমের সঙ্গে পদ্মা ব্যাংক একীভূত হওয়ার সিদ্ধান্ত হয়। এর আগে গত ৩০ জানুয়ারি পদ্মা ব্যাংকের চেয়ারম্যান চৌধুরী নাফিজ সরাফত গভর্নরের সঙ্গে দেখা করার পরদিন পদত্যাগ করেন। এর পর গত ৩ এপ্রিল সোনালীর সঙ্গে বিডিবিএল এবং বাংলাদেশ কৃষির সঙ্গে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক একীভূত হতে বলে দেয় বাংলাদেশ ব্যাংক। আর ৮ এপ্রিল সিটি ও বেসিক ব্যাংক এক হতে বলা হয়। ঈদের আগে ৯ এপ্রিল ইউসিবি ও ন্যাশনাল ব্যাংক একীভূত হতে বলা হয়। এভাবে একীভূত করার খবরে আমানত তোলার প্রবণতা দেখা দেয়।

এর পর গত ১৫ ও ১৬ এপ্রিল সাংবাদিকদের ডেকে বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র জানান, আপাতত আর কোনো ব্যাংক একীভূত হবে না। বাংলাদেশ ব্যাংক অবশ্য শুরু থেকে দাবি করে আসছে, এসব ব্যাংক স্বেচ্ছায় একীভূত হচ্ছে। তবে গত ১৭ এপ্রিল বেসিক ব্যাংকের পরিচালনা পর্ষদের বৈঠক এবং ২৭ এপ্রিল ন্যাশনাল ব্যাংকের পরিচালনা পর্ষদের বৈঠকের পর কেন্দ্রীয় ব্যাংকের একীভূতকরণ প্রক্রিয়া হোঁচট খায়। ব্যাংক দুটির পর্ষদের বৈঠকে বলা হয়– স্বেচ্ছায় একীভূত হওয়া তো দূরে থাক, এ নিয়ে তারা জানেনই না। দু-একজনকে ডেকে নিয়ে যেভাবে একীভূত হতে বলা হয়েছে, তাও আনুষ্ঠানিক নয়। ন্যাশনাল ব্যাংক সরাসরি একীভূত না হওয়ার সিদ্ধান্ত নেয়। এর পরপরই ন্যাশনাল ব্যাংকের পর্ষদ পুনর্গঠন করেছে কেন্দ্রীয় ব্যাংক। আর বেসিক ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীরা একীভূত না হওয়ার দাবিতে আন্দোলন করছেন।

বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র ও নির্বাহী পরিচালক মো. মেজবাউল হক সমকালকে বলেন, একীভূতকরণ প্রক্রিয়া থমকে যায়নি। তবে ভিন্ন প্রেক্ষাপটে ন্যাশনাল ব্যাংককে সময় দেওয়া হয়েছে। অন্য ব্যাংকগুলো ধীরে ধীরে একীভূত হওয়ার প্রক্রিয়ায় আসবে।

বণিক বার্তা
www.bonikbarta.com
প্রকাশ: বুধবার, ০৮ মে ২০২৪ পৃষ্ঠা নং- ০১

পিতার মৃত্যুর তিন বছরেই সব হারাচ্ছেন রন-রিক

হাছান আদনান

দেশের প্রথম প্রজন্মের বড় উদ্যোক্তা ও সম্পদশালীদের একজন জয়নুল হক সিকদার। ব্যবসায়ীদের পাশাপাশি সরকারের ওপরও ছিল তার বিপুল প্রভাব। দেশের প্রভাবশালী অনেক ব্যবসায়ী তাকে গুরু মানতেন। আশীর্বাদের জন্য তার কাছে ধরনাও দিতেন। তার হাতে গড়ে ওঠা সিকদার গ্রুপের ব্যবসা সম্প্রসারিত হয় ব্যাংক, বীমা, বিদ্যুৎ, স্বাস্থ্য, শিক্ষা, আবাসন, নির্মাণ, হোটেল, পর্যটন, এভিয়েশনসহ নানা খাতে। কিন্তু তার মৃত্যুর তিন বছর না পেরোতেই পুরো সিকদার গ্রুপ বিপর্যয়ের মুখে পড়েছে। প্রয়াত জয়নুল হক সিকদারের আট সন্তানের মধ্যে দুজন বাংলাদেশে তার ব্যবসার হাল ধরেছিলেন। তারা হলেন রন হক সিকদার ও রিক হক সিকদার। বেপরোয়া জীবনযাপনের মধ্য দিয়ে বারবার আলোচনায় এসেছেন এ দুই সহোদর। পিতার জীবদ্দশায় যখন যা পেতে চেয়েছেন, সেটিই পেয়েছেন। অপরাধমূলক কর্মকাণ্ডেও জড়িয়েছেন বহুবার। ন্যাশনাল ব্যাংক কর্মকর্তাদের ওপর তাদের কর্তৃত্ব ছিল প্রভুসুলভ। পিতার প্রভাব কাজে লাগিয়ে দেশের অন্যান্য ব্যাংক থেকেও ঋণ নিয়েছেন খেয়ালখুশিমতো। কিন্তু পিতার অবর্তমানে সে সাম্রাজ্যও এখন ভেঙে পড়েছে। ন্যাশনাল ব্যাংক পর্ষদ থেকে ছিটকে পড়ার পর অন্য ব্যবসাগুলোও হাতছাড়া হচ্ছে তাদের।

বাংলাদেশ ব্যাংক ন্যাশনাল ব্যাংকের পরিচালনা পর্ষদ ভেঙে দেয় গত ডিসেম্বরের শেষ দিকে। ওই সময় ব্যাংকটির পর্ষদ থেকে রন-রিকের পাশাপাশি তাদের মা মনোয়ারা সিকদারও ছিটকে পড়েন। পর্ষদ থেকে বাদ পড়লেও ব্যাংকটির শেয়ারের মালিকানায় ছিলেন তারা। কিন্তু গত দুই দিনে সে মালিকানাও হাতছাড়া হয়েছে। ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) ব্লক মার্কেটে গত দুই দিনে ন্যাশনাল ব্যাংকের ১৮ কোটি ৭০ লাখ ২০ হাজার ৪০০টি শেয়ার লেনদেন হয়েছে। এর মধ্যে গত ৬ মে ১২ কোটি ২৫ লাখ ২০ হাজার ৪০০টি শেয়ার ৮৩ কোটি ৭ লাখ টাকায় লেনদেন হয়। আর গতকাল ৪২ কোটি ৫১ লাখ টাকায় লেনদেন হয় আরো ৬ কোটি ৪৫ লাখ শেয়ার। ব্লক মার্কেটে শেয়ারের ক্রেতা-বিক্রেতা আগে থেকেই নির্ধারিত থাকে।

সংশ্লিষ্ট একাধিক সূত্রের তথ্যমতে, এ দুই দিনে সিকদার পরিবারের সদস্যরা তাদের মালিকানাধীন শেয়ার বিক্রি করে দিয়েছেন। এর মধ্যে রন-রিকের শেয়ারের পাশাপাশি তাদের মায়ের শেয়ারও রয়েছে। এসব শেয়ার কিনে নিয়েছে দেশের প্রভাবশালী একটি শিল্প গ্রুপ। সে গ্রুপটির প্রতিনিধিরা ব্যাংকটির পুনর্গঠিত পরিচালনা পর্ষদে স্থান পেয়েছেন। আগামী কয়েক দিনে সিকদার পরিবারের আরো কয়েক কোটি শেয়ার হস্তান্তর হবে। শুধু ন্যাশনাল ব্যাংকের শেয়ার নয়, রন-রিকের মালিকানায় থাকা বিভিন্ন কোম্পানির সম্পদও হাতছাড়া হতে চলেছে বলে জানা গেছে।

বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকের তথ্য অনুযায়ী, গত বছরের জুন পর্যন্ত দেশের ব্যাংকগুলোয় রন-রিকের মালিকানাধীন কোম্পানিগুলোর ঋণের পরিমাণ ছিল ৪ হাজার ৬৩৫ কোটি টাকা। এসব ঋণের সিংহভাগই ছিল মেয়াদোত্তীর্ণ। খেলাপি হওয়া থেকে বাঁচতে তারা ঋণের ওপর উচ্চ আদালতের স্থগিতাদেশ নিয়ে রেখেছেন। তবে একাধিক ব্যাংকে তাদের ঋণ এরই মধ্যে খেলাপি করে দেয়া হয়েছে। সম্পদের তুলনায় দায়দেনা বেশি হওয়ায় রন-রিক তাদের সব সম্পদ দেশের একটি প্রভাবশালী শিল্প গ্রুপের কাছে হস্তান্তর করে দিচ্ছেন বলে গুঞ্জন উঠেছে। সংশ্লিষ্ট সূত্র বলছে, এরই মধ্যে তাদের সব কোম্পানি হস্তান্তরের প্রাথমিক প্রক্রিয়া সম্পন্ন হয়ে গেছে। এর মধ্যে জেডএইচ সিকদার উইমেন্স মেডিকেল কলেজ অ্যান্ড হসপিটালও রয়েছে।

তবে বিষয়টিকে গুজব বলে দাবি করেছেন প্রয়াত জয়নুল হক সিকদারের কন্যা পারভীন হক সিকদার। বণিক বার্তাকে তিনি বলেন, 'জেডএইচ সিকদার উইমেন্স মেডিকেল কলেজ অ্যান্ড হসপিটাল আমার পিতার নামে। তিনি প্রয়াত হওয়ার পর উত্তরাধিকারী হিসেবে আমাদের মধ্যে এ সম্পদ বণ্টন হয়নি। সে হিসেবে আমার ভাইরা চাইলেও এটি বিক্রি করতে পারার কথা নয়। তাছাড়া আমি ন্যাশনাল ব্যাংকের কোনো শেয়ার এখনো বিক্রি করিনি।'

পারভীন হক সিকদার বলেন, 'একটি পক্ষ গুজব ও আতঙ্ক ছড়িয়ে আমাদের সম্পদ দখলে নেয়ার চেষ্টা করছে। তারা সিকদার পরিবারকে ধ্বংস করে দিতে চায়। আমি সব সময় সত্যের পথে চলেছি, অন্যায়ের বিরুদ্ধে কথা বলেছি। এ কারণেই ভাইদের সঙ্গে আমার বিরোধ। কন্যা হিসেবে জয়নুল হক সিকদারের রক্ত আমার শরীরে প্রবহমান। আমি এখনো ব্যর্থ হয়ে যাইনি। আশা করছি, ব্যর্থ হবও না। দ্রুতই আমরা ঘুরে দাঁড়াব।' তবে এ বিষয়ে চেষ্টা করেও রন হক সিকদার ও রিক হক সিকদারের বক্তব্য পাওয়া যায়নি।

দেশের প্রথম প্রজন্মের বেসরকারি ব্যাংকগুলোর একটি ন্যাশনাল ব্যাংক লিমিটেড। ১৯৮৩ সালে প্রতিষ্ঠিত ব্যাংকটি বেশ সুনামের সঙ্গেই প্রায় তিন দশক পার করেছিল। কিন্তু ২০১০ সালের পর ব্যাংকটি পথ হারায়। এক যুগের বেশি সময় ধরে সিকদার পরিবারের একচ্ছত্র কর্তৃত্বে পরিচালিত হয়েছে ব্যাংকটি। প্রয়াত জয়নুল হক সিকদারের হাত ধরে সৃষ্টি হওয়া সে কর্তৃত্বের অবসান হয় গত বছরের শেষের দিকে। বাংলাদেশ ব্যাংক থেকে ব্যাংকটির পরিচালনা পর্ষদ ভেঙে দিয়ে সাত সদস্যের পর্ষদ গঠন করে দেয়া হয়।

পর্ষদ ভেঙে দেয়ায় প্রয়াত জয়নুল হক সিকদারের স্ত্রী মনোয়ারা সিকদার ন্যাশনাল ব্যাংকের চেয়ারম্যান পদ থেকে ছিটকে যান। একই সঙ্গে পরিচালক পদ হারান জয়নুল হক সিকদারের ছেলে রিক হক সিকদার ও রন হক সিকদার। ওই পরিবারের প্রতিনিধি হিসেবে নতুন পর্ষদে স্থান পান কেবল পারভীন হক সিকদার। কিন্তু গত রোববার ব্যাংকটির পর্ষদ আরেক দফায় পুনর্গঠন করে কেন্দ্রীয় ব্যাংক। নতুন পর্ষদ থেকে পারভীন হক সিকদারও ছিটকে পড়েছেন।

ঢাকা স্টক এক্সচেঞ্জের তথ্য অনুযায়ী, ন্যাশনাল ব্যাংকের পরিশোধিত মূলধনের পরিমাণ ৩ হাজার ২১৯ কোটি টাকা। ব্যাংকটির মোট শেয়ার সংখ্যা ৩২১ কোটি ৯৭ লাখ ৩৯ হাজার ৫৭০। এর মধ্যে প্রায় ১০

শতাংশ শেয়ার সিকদার পরিবারের সদস্যদের নামে রয়েছে। পরিবারটির মালিকানাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের নামে রয়েছে আরো ৬-৭ শতাংশ শেয়ার।

জয়নুল হক সিকদারের আট সন্তানের মধ্যে কেবল রন-রিকই বাংলাদেশে ব্যবসা বিস্তৃত করেছেন। এ দুই সহোদরের মালিকানাধীন কোম্পানিগুলোর মধ্যে পাওয়ার প্যাক মতিয়ারা কেরানীগঞ্জ পাওয়ার প্লান্ট লিমিটেডের নামে ১ হাজার ৩৮৩ কোটি টাকা, পাওয়ার প্যাক মতিয়ারা জামালপুর পাওয়ার প্লান্ট লিমিটেডের নামে ১ হাজার ১১৯ কোটি, সিকদার রিয়েল এস্টেট লিমিটেডের নামে ৬৭২ কোটি, বিইএল কনস্ট্রাকশন এসডিএন বিএইচডি লিমিটেডের নামে ৬২২ কোটি, মাল্টিপ্লেক্স হোল্ডিংস লিমিটেডের নামে ২১৪ কোটি, আর অ্যান্ড আর এভিয়েশন লিমিটেডের নামে ২৯ কোটি, পাওয়ার প্যাক মতিয়ারা খুলনা পাওয়ার প্লান্ট লিমিটেডের নামে ২৭ কোটি, পাওয়ার প্যাকের নামে ১২ কোটি এবং পাওয়ার প্যাক হোল্ডিংস লিমিটেডের নামে ৭ কোটি টাকার ঋণ রয়েছে। এছাড়া রন হক সিকদারের নামে ৩৫৩ কোটি ও রিক হক সিকদারের নামে ১৯৫ কোটি টাকার ব্যক্তিগত ঋণও রয়েছে বলে বাংলাদেশ ব্যাংক সূত্রে জানা গেছে।

তবে ন্যাশনাল ব্যাংকের একাধিক সূত্র বলছে, ব্যাংকটি থেকেও নামে-বেনামে কয়েক হাজার কোটি টাকা ঋণ নিয়েছেন রন ও রিক। এসব ঋণ অনেক আগেই অনিয়মিত ও মেয়াদোত্তীর্ণ হয়ে গেছে। শুধু ক্রেডিট কার্ড ব্যবহার করেই এ দুই ভাই বিদেশে খরচ করেছেন ৭১ কোটি টাকার বেশি। যদিও বাংলাদেশ ব্যাংকের নীতিমালা অনুযায়ী দেশের ব্যাংকগুলোর কোনো ক্রেডিট কার্ডের অনুকূলে জামানতবিহীন সর্বোচ্চ ১০ লাখ টাকা ও জামানতসহ সর্বোচ্চ ২৫ লাখ টাকার ঋণসীমার সুযোগ রয়েছে।

এ নিয়ে গত মাসের শুরুতে এ দুই ভাইয়ের বিরুদ্ধে মামলা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। মামলায় তাদের বিরুদ্ধে ন্যাশনাল ব্যাংকের ক্রেডিট কার্ড ব্যবহার করে বিদেশে ৭১ কোটি ৫৩ লাখ টাকা ব্যয় ও পাচারের অভিযোগ আনা হয়। এতে রন-রিক ছাড়াও বেসরকারি ব্যাংকটির সাবেক তিন ব্যবস্থাপনা পরিচালকসহ (এমডি) পাঁচ কর্মকর্তাকে আসামি করা হয়। দুদকের পরিচালক মো. বেনজীর আহম্মদ বাদী হয়ে মামলা দুটি করেন। ক্রেডিট কার্ড ছাড়াও ন্যাশনাল ব্যাংকের হিসাব থেকে থাইল্যান্ডসহ বিভিন্ন দেশে অর্থ পাচার হয়েছে বলে দুদকের মামলার এজাহারে উল্লেখ করা হয়। এতে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের (বিএফআইইউ) অনুসন্ধান প্রতিবেদনের উদ্‌ধৃতি দিয়ে বলা হয়, থাইল্যান্ডে রন হক সিকদার ও রিক হক সিকদারের নিজ নামে এবং তাদের স্বার্থসংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে অন্তত ২০টি ব্যাংক হিসাব পরিচালিত হচ্ছে। এসব ব্যাংক হিসাবে বিভিন্ন সময়ে ন্যাশনাল ব্যাংক থেকে অর্থ স্থানান্তর হয়েছে। আমেরিকা, সিঙ্গাপুর, মালয়েশিয়া, সুইজারল্যান্ড, চীন, ভিয়েনা, অস্ট্রেলিয়া, ব্রিটেন ও রাশিয়া থেকে হিসাবগুলোয় অর্থ স্থানান্তরের প্রমাণ পাওয়া গেছে।

নতুন ধারার দৈনিক
আমাদের সময়
প্রকাশ: বুধবার, ০৮ মে ২০২৪ পৃষ্ঠা নং-০১

ন্যাশনাল ব্যাংকের নতুন পর্ষদে যারা যুক্ত হলেন

নিজস্ব প্রতিবেদক

সাড়ে চার মাসের মধ্যে দ্বিতীয়বারের মতো ন্যাশনাল ব্যাংকের পর্ষদ ভেঙে নতুন পর্ষদ গঠন করে দিয়েছে বাংলাদেশ ব্যাংক। নতুন পর্ষদে চারজন প্রতিনিধি পরিচালক ও তিনজন স্বতন্ত্র পরিচালক নিয়োগ দেওয়া হয়েছে। প্রতিনিধি পরিচালক ও স্বতন্ত্র পরিচালকদের বেশিরভাগই চট্টগ্রামভিত্তিক একটি গ্রুপের বলে জানা গেছে। বাংলাদেশ ব্যাংক গত রবিবার ন্যাশন্যাল ব্যাংকের আগের পর্ষদ ভেঙে নতুন পর্ষদ গঠন করে। নতুন পর্ষদে চেয়ারম্যান হিসেবে নিয়োগ পেয়েছেন ন্যাশনাল ব্যাংকের উদ্যোক্তা পরিচালক এবং চট্টগ্রামের পটিয়ার কৃতী সন্তান ও কেডিএস গ্রুপের চেয়ারম্যান আলহাজ খলিলুর রহমান। এ ছাড়া পরিচালক হিসেবে রয়েছেন ব্যাংকটির উদ্যোক্তা শেয়ারহোল্ডার মোয়াজ্জেম হোসেন, প্রতিনিধি পরিচালক লে. জে. মো. সফিকুর রহমান (অব), প্রতিনিধি পরিচালক ও প্রিমিয়ার ব্যাংকের সাবেক ব্যবস্থাপনা পরিচালক রিয়াজুল করিম, ব্যবসায়ী ও প্রতিনিধি পরিচালক এরশাদ মাহমুদ, প্রতিনিধি পরিচালক ও বাংলাদেশ সুপ্রিমকোর্টের সিনিয়র অ্যাডভোকেট আহসানুল করিম, প্রতিনিধি পরিচালক ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের

প্রফেসর একেএম তফাজ্জল হক। এ ছাড়া স্বতন্ত্র পরিচালক হিসেবে রয়েছেন-চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রফেসর মো. হেলাল উদ্দীন নিজামী, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট ড. রত্না দত্ত ও বাংলাদেশ ব্যাংকের সাবেক নির্বাহী পরিচালক এবিএম জহুরুল হুদা। গত সোমবার ন্যাশনাল ব্যাংকের প্রধান কার্যালয়ে নতুন পর্ষদের সদস্যরা সংবাদ সম্মেলন করেন। এ সময় ন্যাশনাল ব্যাংক দখল হয়নি বলে দাবি করেন নতুন চেয়ারম্যান আলহাজ খলিলুর রহমান। তবে প্রতিনিধি পরিচালকদের পরিচয়, তাদের শেয়ারহোল্ডারদের নাম ও শেয়ারসংখ্যা জানতে চাওয়া হলে কোনো উত্তর পাওয়া যায়নি। পরে ব্যাংকের জনসংযোগ বিভাগ থেকে প্রতিনিধি পরিচালকদের পরিচয় দেওয়া হয়। এর মধ্যে বাংলাদেশ সুপ্রিমকোর্টের সিনিয়র অ্যাডভোকেট আহসানুল করিম প্রতিনিধি পরিচালক হয়েছেন সুন্দরবন কনসোর্টিয়াম লিমিটেডের পক্ষে, প্রিমিয়ার ব্যাংকের সাবেক ব্যবস্থাপনা পরিচালক রিয়াজুল করিম প্রতিনিধি হয়েছেন কেওয়াই স্টিলের পক্ষে, ব্যবসায়ী এরশাদ মাহমুদ প্রতিনিধি হয়েছেন স্ট্রিস অ্যান্ড ওয়েভস ফ্যাশন লিমিটেডের পক্ষে এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রফেসর একেএম তফাজ্জল হক প্রতিনিধি হয়েছেন ইস্ট কোস্ট হোল্ডিং লিমিটেডের পক্ষে। তবে স্বতন্ত্র পরিচালকদের বিষয়ে ব্যাংকের পক্ষ থেকে পরিচয় জানানো হয়নি।

সংশ্লিষ্ট সূত্রগুলো জানায়, স্বতন্ত্র পরিচালকদের মধ্যে অধ্যাপক হেলাল উদ্দিন নিজামী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রফেসর। আরেকজন হলেন চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট ড. রত্না দত্ত। তার স্বামী সুব্রত কুমার ভৌমিক গ্লোবাল ইসলামী ব্যাংকের পরিচালক পদে রয়েছেন। আরেক স্বতন্ত্র পরিচালক এবিএম জহুরুল হুদা বাংলাদেশ ব্যাংকের সাবেক নির্বাহী পরিচালক এবং বেশ কিছুদিন তিনি বেসরকারি ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকে কর্মরত ছিলেন।

দৈনিক ইত্তেফাক
প্রকাশ: বুধবার, ০৮ মে ২০২৪ পৃষ্ঠা নং- ০১

আবারও বাজারের ওপর ছেড়ে দেওয়া হচ্ছে ব্যাংক ঋণের সুদহার

আহমেদ তোফায়েল

ব্যাংক ঋণের সুদহার আবার বাজারভিত্তিক ব্যবস্থায় চলে আসছে। এ বিষয়ে আজ বাংলাদেশ ব্যাংক আনুষ্ঠানিকভাবে ঘোষণা দেবে। সূত্র জানিয়েছে, চলতি বা আগামী মাস থেকেই তা কার্যকর হবে। সম্প্রতি বাংলাদেশ ব্যাংকের গভর্নর আব্দুর রউফ তালুকদার ঋণের সুদহার দ্রুতই বাজারভিত্তিক হবে বলে ইঙ্গিত দিয়েছেন। যা আইএমএফের ৪.৭ বিলিয়ন ডলারের ঋণ প্যাকেজের শর্তের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। গভর্নর বলেছেন, বর্তমানে রেফারেন্স রেট অনুসারে ব্যাংকের সুদহার নির্ধারিত হচ্ছে। শিগগিরই এটি বাজারের ওপর ছেড়ে দেওয়া হবে। তিনি বলেন, বর্তমান সুদহার নির্ধারণের ব্যবস্থাটি একটি অন্তর্বর্তীকালীন ব্যবস্থা। এক্ষেত্রে বাজারভিত্তিক সুদহার নির্ধারণে ব্যাংকের স্বাধীনতা থাকবে। এখন যে সুদহার চলছে তা থেকে আর বেশি বাড়বে না। সুদহার নির্ধারণে বাংলাদেশ ব্যাংক এখন একটি নতুন পদ্ধতি অনুসরণ করছে। এর ফলে ঋণের সুদ এখন প্রতি মাসেই বাড়ছে। গত ফেব্রুয়ারিতে ব্যাংকে ঋণের সর্বোচ্চ সুদ ছিল ১২.৪৩ শতাংশ। মার্চে তা বেড়ে হয় ১৩.১১ শতাংশ। এ প্রসঙ্গে বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র মেজবাউল হক গতকাল ইত্তেফাককে বলেন, আজ ৩টায় বাংলাদেশ ব্যাংকে এ বিষয়ে একটি সংবাদ সম্মেলন করা হবে। সেখানে কবে থেকে ঋণের সুদহার বাজারভিত্তিক করা হবে তার ঘোষণা দেওয়া হবে। তিনি বলেন, এতে করে স্মার্ট সুদহার আর থাকছে না। বাজারে সুদহার কমলে গ্রাহক কম সুদে ঋণ পাবে, আবার বাড়লে বেশি সুদে ঋণ নিতে হবে।

এর আগে ঋণের ওপর সর্বোচ্চ সুদের হার নির্ধারিত ছিল ৯ শতাংশে। গত জুলাই মাসে সুদের হার বেঁধে দেওয়ার ঐ পদ্ধতি থেকে সরে আসে বাংলাদেশ ব্যাংক। বর্তমানে সিক্স মান্থস মুভিং অ্যাভারেজ রেট অব ট্রেজারি বিল বা স্মার্ট পদ্ধতিতে ঋণের সুদের ভিত্তি হার নির্ধারিত হয়। এই ভিত্তি হারের সঙ্গে এর আগে বাড়তি ৩.৫০ শতাংশ সুদ যুক্ত হলেও এবারে বাংলাদেশ ব্যাংক ৩ শতাংশ সুদ যোগ করার জন্য বলেছে। ভিত্তি হার ও বাড়তি সুদ এই দুইয়ে মিলে ঋণের চূড়ান্ত সুদহার নির্ধারণ করে ব্যাংকগুলো। মার্চ মাস শেষে স্মার্ট হার বেড়ে দাঁড়িয়েছে ১০.৫৫ শতাংশে। এর সঙ্গে ৩ শতাংশ সুদ যুক্ত করলে ঋণের সুদ দাঁড়ায় ১৩.০৫৫ শতাংশ।

উদ্যোক্তারা বলেছেন, ঋণের সুদ হার যেভাবে বাড়ছে তাতে ব্যবসা খরচ আরও বেড়ে যাচ্ছে। অন্যদিকে ডলারের দামও চড়া। সব মিলে আমদানি পণ্যের দাম আরও বাড়বে। এতে পণ্যমূল্য নিয়ন্ত্রণে সরকার থেকে যেসব উদ্যোগ নেওয়া হয়েছে সেগুলোর সুফল কতটুকু মিলবে তা নিয়ে প্রশ্ন তুলেছেন অর্থনীতিবিদরা। এদিকে সুদহার বাড়ানোর ফলে বাজারে টাকার প্রবাহ কিছুটা কমেছে। তবে এতে ব্যবসা-বাণিজ্যের গতি কমে গেছে। নতুন শিল্প স্থাপন বাধাগ্রস্ত হচ্ছে।

পলিসি রিসার্চ ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর বলেন, এবার আইএমএফ মোটাদাগে কয়েকটি বিষয়ে গুরুত্ব দিয়েছে, তার মধ্যে রয়েছে বিনিময় হার বাজারভিত্তিক করা, সুদহার বাজারের ওপর ছেড়ে দেওয়া, রাজস্ব আহরণ আরেকটু বাড়ানো ও সরকারের ভর্তুকি কমিয়ে আনা। সরকারও আইএমএফের সঙ্গে খাপ খাইয়ে নীতি গ্রহণ ও তা বাস্তবায়নের উদ্যোগ নিচ্ছে। কেন্দ্রীয় ব্যাংকের সূত্রগুলো জানিয়েছে, আইএমএফের পরামর্শ মানা হলে সুদহার নির্ধারণের বর্তমান পদ্ধতি স্মার্ট বা সিক্স মান্থস মুভিং অ্যাভারেজ রেট অব ট্রেজারি বিল বাতিল হয়ে যাবে। প্রতি মাসের শুরুতে এই হার জানিয়ে দেয় কেন্দ্রীয় ব্যাংক। এর ভিত্তিতে বর্তমানে ঋণের সুদহার নির্ধারণ হচ্ছে। এদিকে, নয়-ছয় সুদের সীমা তুলে দেওয়ার পর থেকে সব ধরনের ঋণ ব্যয়বহুল হয়ে উঠেছে। প্রতি মাসে বাড়ছে ঋণের সুদ। তবে যে গতিতে ঋণের সুদ বাড়ছে, সেই গতিতে আমানতের সুদ বাড়াচ্ছে না অধিকাংশ ব্যাংক। গত ৯ মাসে ঋণের গড় সুদহার যেখানে ৩ শতাংশের বেশি বেড়েছে, সেখানে আমানতের সুদহার বেড়েছে ১ শতাংশেরও কম। এতে ঋণ ও আমানতের সুদহারের ব্যবধান (স্প্রেড) ব্যাপক হারে বাড়ছে। ইতিমধ্যে গড় স্প্রেড ৫ শতাংশ অতিক্রম করেছে। এই হার অন্য যে কোনো দেশের তুলনায় বেশি।

The Daily Star
Published: Wednesday, 08 May 2024 Page: B1

Four state banks' bad loans jump 27% as delinquencies rise



AHSAN HABIB

Although four state-run commercial banks -- Sonali, Agrani, Rupali and Janata -- saw a mixed trend in profits in 2023, they were consistent in logging higher bad loans. The combined bad loans of the banks surged 27 percent year-on-year to Tk 62,913 crore at the end of last year. Two years prior, total bad loans of the four state banks stood at just over Tk 38,200 crore, according to financial statements. The latest data showed that Janata Bank had the highest amount of bad loans at the end of last year due to alleged irregularities in lending, particularly to AnonTex and Crescent Group, which turned the loans into toxic assets.

Janata's bad loans surged 53 percent year-on-year to Tk 23,211 crore in 2023. Agrani Bank had the second-highest amount of bad loans at Tk 17,655 crore at the end of last year. The state bank said soured loans rose 23 percent compared to a year prior. Meanwhile, Sonali Bank, the largest bank in Bangladesh, registered 7.9 percent increase in loan defaults. At the end of 2023, Sonali Bank's bad loans swelled to roughly Tk 12,800 crore. Finally, Rupali Bank showed a 14 percent increase in bad loans, which climbed to Tk 9,250 crore at the end of last year.

Financial data published by the banks showed that they had to keep higher provisions due to the large amount of bad loans, which ultimately impacted their bottom line. At the same time, growing income from interest and investment in treasury bonds contributed to their bottom line positively. As a result, Sonali Bank logged 83 percent higher profits in 2023, bringing in Tk 747 crore, while Rupali Bank's profits more than doubled to Tk 62 crore. On the other hand, Agrani Bank's profits dropped 27 percent to Tk 103 crore and Janata's profits fell 50 percent to Tk 62 crore.

Bad loans hit the profits of a bank directly as the lender needs to keep provision if its bad loans rise, said Mohammad Shams-ul Islam, former managing director and chief operating officer of Agrani Bank. Consequently, the state-run banks' profits fell despite their operating profits rising. The banks have already realised that they need to reduce default loans to raise profits, he added.

"They also know how default loans can be reduced, so they are walking in the right direction with the help of Bangladesh Bank. So, hopefully, the bad loans will be lower in the upcoming years," he said. Islam blamed the recent economic heat-up and business scenario in the country alongside the tougher international economic situation for the increase in bad loans. Many export-oriented firms saw lower income while import-dependent companies struggled. So, their bottom line was hit, which ultimately impacted their ability to repay loans, he said. Classified loans rose in Agrani and Janata Bank while falling at the other two. The rate of classified loans to total loans was 13.23 percent in Sonali, 21.03 percent in Rupali, 28.37 percent in Agrani and 25.37 percent in Janata Bank at the end of 2023. Once, Agrani Bank brought in the most remittance among all banks, but they are now lagging behind because state-run banks cannot offer rates higher than the central bank's ordered rate. However, other banks can do so.

So, state-run banks lag behind in bringing remittances as they are compliant. Here, the central bank needs to work so that all the banks follow the same rules, Islam said. Agrani Bank has no big scams like other state-run banks so it can recover loans if it tries strongly, he added. Islam recommended bringing more deposits, giving good loans, diving deep to recover loans, and placing emphasis on non-interest income to make profits like other banks. The four banks' net interest income rose in the last year as the central bank allowed higher interest rates to be imposed on lending whereas it used to be capped at 9 percent before.

THE BUSINESS STANDARD

Published: Wednesday, 08 May 2024 Page: Banking

Cenbank may increase policy rate further

A decision in this regard is expected to be finalised in the monetary policy meeting scheduled for Wednesday (8 May), said an official of the Bangladesh Bank. Alongside the policy rate, the meeting will also decide on the crawling peg method to determine the two other crucial tools of the money market – the lending rate and the exchange rate.

Tonmoy Modak

The central bank might increase the Repo rate, also known as the policy rate, under the pressure of the International Monetary Fund (IMF). A decision in this regard is expected to be finalised in the monetary policy meeting scheduled for today, said an official of the Bangladesh Bank. Alongside the policy rate, the meeting will also decide on the crawling peg method to determine the two other crucial tools of the money market – the lending rate and the exchange rate.

The policy-making officer of the central bank, seeking anonymity, said, "The central bank is currently running on Contractionary Monetary Policy. However, the IMF team that visited Bangladesh asked us to emphasise more on controlling inflation and advised us to tighten our monetary policy. Policy rate can be increased in that continuity. However, it will be finalised in the monetary policy meeting tomorrow [today]. "Besides, the central bank will sit with the managing directors of several commercial banks on the same day."

According to the Bangladesh Bureau of Statistics (BBS), the point-to-point inflation in Bangladesh rose slightly to 9.81% in March compared to 9.67% in February. The overall inflation has been above 9% since March 2023. In December 2023, preceding the announcement of the monetary policy for the second half of the financial year in January, inflation stood at 9.41%. However, contrary to expectations, inflation has risen post the monetary policy announcement, rather than decreasing.

The rate at which commercial banks borrow overnight from the central bank is termed the repurchase agreement (repo) rate. A rise in the repo rate increases the borrowing costs for banks. Consequently, this adjustment can lead to an escalation in both the lending rate and deposit rate. The Bangladesh Bank raised the policy rate by 25 basis points, bringing it to 8% from the previous 7.75%, while unveiling a new monetary policy for the second half (January-June) of FY24. However, at the beginning of 2023, the policy rate was 5.75% but the central bank continuously hiked the policy rate in efforts to manage inflation.

The central bank official further said, "The central bank has currently adopted interest rate based Contractionary Monetary Policy. In this framework, rather than directly manipulating the money supply, the central bank aims to regulate it by adjusting interest rates. Over the past 10 months, the central bank has raised the policy rate multiple times to curtail the money supply in the market. However, despite these efforts, inflation has not decreased as anticipated."

When asked why inflation is not decreasing even after increasing the policy rate, the official said that it is not possible to reduce inflation solely by increasing the policy rate. The official said that addressing inflation requires a multifaceted approach, including refraining from injecting money, maintaining stability in the dollar rate, implementing supply-side interventions, and various other measures. Earlier in an event in the capital, Bangladesh Bank Governor Abdur Rouf Talukder signalled that the determination of interest rate will move to a fully market-based system soon. "I think we are very close to a market-based interest rate. So, there will be no more restrictions on interest rates and banks will be at liberty to fix the rates based on supply and demand," he said.

Another senior official of the central bank, on condition of anonymity, said that a new decision may also come regarding transitioning the lending rate to a market-based system.

In such an event, the method for determining the lending rate, which currently involves adding a margin to the SMART (Six-Month Moving Average Rate of Treasury Bill), which has been running for the last 10 months, may also change, he added. According to the latest data released by the central bank, banks are presently permitted to offer a maximum lending rate of 13.55%. Previously, this rate was capped at 9%. Subsequently, the central bank gradually permitted an increase in the lending rate, implementing the adjustment plan over time.

Commenting on the introduction of the crawling peg for the exchange rate, the governor remarked during the same program, "We are presently assessing the exchange rate and endeavouring to implement a crawling peg system, which will serve as an interim arrangement as we move towards a fully market-based system." At the programme, commenting on the introduction of the crawling peg for the exchange rate, the Bangladesh Bank governor said, "We are currently reviewing the exchange rate and working to introduce a crawling peg, which will be an arrangement before we transition fully to a market -based system."

Just two years ago, the value of the dollar stood at Tk85-86. However, due to decreasing reserves and a crisis in the market, the central bank was forced to raise the dollar's price. In November of last year, the central bank, in collaboration with the Association of Bankers, Bangladesh (ABB)

and the Bangladesh Foreign Exchange Dealers Association (Bafeda), set the dollar price at Tk111. Subsequently, this price was lowered to Tk110 in two increments. In recent months, the central bank has halted further adjustments to the dollar price. Nevertheless, banks are presently purchasing remittance dollars at Tk116-117 and selling them at Tk117-118.

The Financial Express
Published: Wednesday, 08 May 2024 Page: 01

Interest regime being deregulated from SMART control

JUBAIR HASAN |

Rate-regulating SMART regime is destined to go as the central bank is set to make major decisions on Bangladesh's monetary front, possibly allowing market-driven interest rates. Alongside the ditching of SMART, there are some other key issues like pre-market-based exchange- rate mechanism and monetary-tightening steps that could come in the upcoming monetary policy committee (MPC) meeting set for today (Wednesday) at the Bangladesh Bank headquarters.

Earlier at a recent public discussion, BB governor Abdur Rouf Talukder made a hint clearly that the central bank now considers moving towards a fully market-based interest rate from the existing reference or SMART rate, in the midst of reappraisal of execution of IMF lending terms that press for such deregulation. "There will be no more restriction on the interest rate and banks will enjoy the liberty to fix interest rate based on demand and supply," he was sharing the current plan of the BB.

Regarding another major reform issue, exchange rate, the governor also informed the audience that they had been working to introduce crawling peg, which will also be an interim arrangement before going for completely market-dominated exchange-rate system. Sources at the BB say the issues are likely to top the agenda in the MPC meeting as the visiting IMF representatives, assessing progresses on their recommendations before approving the third tranche of a $4.7-billion lending package to restore Bangladesh's tightened macroeconomic stability, are not enthusiastic about the current state of lending-rate arithmetic and exchange-rate volatility.

"So, it is expected that the central bank might go for discarding the SMART regime, which came into effect on the money market from the beginning of the ongoing fiscal year (FY'24), at the MPC meeting," said one source. Simultaneously, it is also learnt that the BB would possibly go for sharing nature of the crawling peg and the launching deadline of the mechanism to temporarily reduce the volatility on the foreign-exchange front.

Under the new pegging matrix, according to the sources, there will be a narrow band corridor where REER (real effective exchange rate) stands in the middle. The corridor will have an upper ceiling and floor rate and the exchange rate will move within the bounds. According to the sources, the IMF-team members were not happy about the inflation-containing steps as the rising costs of the commodities continue hurting the consumers in Bangladesh. To contain the higher inflationary regime, the BB could go for further tightening monetary steps squeezing money supply to the market by revisiting the policy rate, according to the source.

jubairfe1980@gmail.com

NEWAGE
Published: Wednesday, 08 May 2024 Page: 10

Pvt sector short-term foreign loans now $11.04b

Staff Correspondent

Private sector short-term foreign loans decreased slightly in March as businesses focused on repaying existing loans rather than taking new ones. According to Bangladesh Bank data, short-term foreign loans fell to $11.04 billion in March from $11.07 billion in February and $11.25 billion in January. This decline continued from $11.79 billion in December and $13.65 billion in June 2023, with a figure of $16.41 billion in December 2022. Buyer's credit also decreased to $5.69 billion in March from $5.77 billion in February. Bankers attributed the drop in short-term foreign loans to businesses prioritising loan repayments over new borrowing. They noted that businesses faced challenges in obtaining new foreign loans, possibly due to outstanding loan amounts and reduced confidence from foreign institutions. The current economic situation, including import restrictions and a dollar crisis, along with high dollar prices, also led to reduced business activities. However, the falling trend appeared to decline as it now remains stagnant at $11 billion for the last three months. Debt services also dropped to $1.93 billion in February from $3.11 billion in December.

Deferred payment reduced to $824 million in March from $833 million in February while foreign back-to-back LC declined to $955 million in March from $994 million in February. Bangladesh's external debts crossed $100 billion at the end of December 2023 from $98 billion in June 2023, according to Bangladesh Bank data.

The country's foreign debts increased by 52 per cent to $100.6 billion in December 2023 from that of $65.27 billion in June 2020. This rapid growth in foreign debts raised concerns about the country's ability to manage its debt obligations. A country's external debts refer to the total amount of money that the country owes foreign creditors, such as foreign countries, international organisations and foreign private entities.

Experts warned that the high external liability could strain the country's finances, with a significant portion of its income going towards debt repayment. They emphasised the need for Bangladesh to manage its resources carefully and prioritise sustainable economic development to reduce its dependence on foreign borrowing. Inefficient allocation of loans to productive sectors could pose challenges for repayment. The devaluation of the local currency against the US dollar has made interest payments on foreign loans more expensive. In July 2021, the exchange rate per dollar in the country was Tk 84.80, which increased to Tk 110 after the central bank allowed a floating rate.

The gross foreign exchange reserve in Bangladesh, according to International Monetary Fund guidelines, dropped to $19.9 billion on May 2. Import payments for the July-February period in the financial year 2023-24 decreased by 15.36 per cent to $40.88 billion, compared with those of $48.30 billion in the same period of the financial year 2022-23, due to various initiatives taken by the government and the central bank to reduce imports of commodities, especially those of luxurious ones.

The Daily Star
Published: Wednesday, 08 May 2024 Page: 01

CRAWLING PEG SYSTEM

A welcome step but will it be enough to boost reserves?



ARUN DEVNATH

The crawling peg system for the taka is a delayed and, perhaps, inadequate response to the bleeding of forex reserves. Some economists suggest the central bank should go beyond this formula and open the exchange rate to market forces to stop the continuous erosion of reserves. Either way, exporters and remitters will celebrate more flexibility in the exchange rate. In January, Bangladesh's central bank disclosed a plan to introduce the crawling peg for its currency, backtracking on its earlier pledge to allow the exchange rate to float freely. The new system may now get off the ground by June, making a clear departure from the tight control over the exchange rate. Since an independent country in 1971, Bangladesh managed currency volatility through a series of fixed exchange rates.

Now it has to make a painful choice. The crawling peg, a system of exchange rate adjustments, falls between two extremes: the fixed rate and the floating or market-based rate. The key difference is that a crawling peg allows for limited fluctuations within a predefined range, while a fixed exchange rate has almost no flexibility. The new system is primed to bring more flexibility to the exchange rate regime by loosening the central bank's grip on the taka, a key prescription from the International Monetary Fund.

Still, a question remains: will the central bank bring the new exchange corridor closer to the informal market rate to curb opaque currency flows? "The crawling peg is just a formula. If the dollar-taka exchange rate based on the crawling peg comes close to the informal market rate, it may yield some benefits because that will discourage dollar flows into the informal market," said Zahid Hussain, former lead economist of the World Bank's Dhaka office.

"But if the gap between the formal and informal markets is as wide as ever even after the introduction of the new system, it won't make much of a difference," he said. Hussain's observation reflects wider concerns over the deterioration in external buffers with official reserves slipping below $20 billion, less than half their historic peak in 2021. Since mid-2022, the taka has been depreciating against the dollar, a trend primarily attributed to a balance of payments deficit leading to a significant reduction in reserves. The weakening of the taka has fuelled domestic inflation as the cost of imports has risen. In response to these challenges, Bangladesh Bank charted a gradual shift towards a market-based exchange rate system. And the crawling peg is a transition to a more flexible exchange rate and a way to prevent further depletion of foreign exchange reserves.

The crawling peg is not without a virtue. It will go some way toward rebuilding resilience and adaptability to external shocks, especially as Bangladesh graduates from the LDC category in 2026 and becomes more closely integrated into the global financial system. That means Bangladesh is on course to adopt a "more modernised and forward-looking monetary policy framework." It will also augment the central bank's freedom in monetary policy. "While the authorities have appropriately accelerated reforms to allow greater exchange rate flexibility, managing transition risks remains crucial. Policy actions to restore external resilience need to be well-calibrated and carefully sequenced to facilitate a non-disruptive transition toward greater exchange rate flexibility," the IMF said in a report in December 2023.

The crawling peg system would be linked to a carefully selected set of currencies and operate within a predefined exchange rate band. This strategy is aimed at tempering unusual fluctuations in the currency's value. "The central bank would establish a stable benchmark while retaining the flexibility to intervene in the market as necessary to maintain the currency within the designated boundaries," Bangladesh Bank said in January. Before the buzz over the crawling peg was in the air, the central bank in July 2023 introduced the market-based exchange rate. That was only on paper. In practice, however, the exchange rate is fixed by the Bangladesh Foreign Exchange Dealers' Association and the Association of Bankers on unofficial instructions from the central bank.

According to an IMF assessment, the exchange rate not being market-based was the reason behind the deficit in the financial account, which widened to $8.36 billion in the July-February period from $2.32 billion a year earlier. As a result, much of the export proceeds did not return home to Bangladesh, while remittances were still flowing through unofficial channels. Bangladesh is navigating a combination of risks -- elevated inflation and slowing economic growth. So, greater exchange rate flexibility may help the nation stem losses of forex reserves and eventually ease depreciation pressure on the taka, triggered initially by the worsening terms of trade and later by the reversal in the financial account. The crawling peg system, if introduced, will hopefully bring cheers to exporters and remitters.

The Daily Star
Published: Wednesday, 08 May 2024 Page: 01

BEYOND DOLLAR

Bangladesh to seek over 36b yuan in Chinese loans

PARTHA PRATIM BHATTACHARJEE and JAGARAN CHAKMA

Bangladesh is going to seek more than 36 billion yuan, equivalent to $5 billion, as soft loans from China to reduce pressure on its dollar reserves. According to highly placed sources in the government, the country will use the money to help businesses import raw materials and also for budget support. Bangladesh exported goods worth $677 million to China and imported goods worth $22.90 billion in fiscal 2022-23, according to data from the commerce ministry. China is Bangladesh's single largest trading partner.

The main purpose of the loan is to reduce pressure on the depleting reserves, which stood at $19.95 billion as of April 30, say sources.

Sources in the finance and commerce ministries said the Prime Minister's Office has already given the go-ahead and officials are now discussing the interest rate and repayment periods. They are also discussing how and where the money would be spent. They said that officials of the Finance Division, commerce ministry, Economic Relations Division, and the National Board of Revenue at a recent meeting gave opinions that the loan should be long-term and the interest rate should not be above 1 percent. According to the sources, the main purpose of the loan is to reduce pressure on the depleting reserves, which stood at $19.95 billion as of April 30. In September 2022, Bangladesh Bank allowed settlement of international trade in Chinese yuan to cut excessive dependence on the dollar

The government wants to support the businesspeople in importing raw materials as the Bangladesh Bank's decision to slash the volume of the Export Development Fund (EDF) has put them in a tight spot. The central bank brought down the EDF volume to around $2 billion from about $7 billion in mid-2022 when reserves came under pressure following a surge in imports.

BB also raised the interest rate on EDF loans to 4.5 percent from 4 percent in April last year. According to a BB circular on April 9, 2023, an exporter can take loans of $10 million but a member of Bangladesh Garment Manufacturers and Exporters Association can get as much as $20 million. According to the rules for the EDF loan, the borrower has to repay within 180 days but in some cases 210 days is allowed. The sources said Bangladesh, during the loan negotiations, will ask for flexible terms so that the money can be used for trade with other countries alongside China.

The interest rate and the repayment term would be finalised at that time, according to a top official at the commerce ministry. State Minister for Commerce Ahasanul Islam Titu brought up the loan issue during bilateral talks with his Chinese counterpart on the sidelines of the 13th Ministerial Conference of World Trade Organisation in Abu Dhabi between February 26 and March 2. After the conference, the state minister wrote to the Chinese minister thanking him and mentioned their discussion on the loan. In response, the Chinese minister said his government in principle agreed to it and asked Ahasanul to proceed. The commerce ministry then asked the Finance Division and the Economic Relations Division to get the PMO's nod.

The Daily Star
Published: Wednesday, 08 May 2024 Page: B1

HSBC's 2023 profit nearly Tk 1,000cr

AHSAN HABIB

The Hongkong and Shanghai Banking Corporation (HSBC) Bangladesh registered a profit close to Tk 1,000 crore in 2023, its highest on record, making it one of the most profitable banks in the country. The British multinational bank attributed it to a rise in both interest income and investment income from treasury bills and bonds. The profit amounted to Tk 999 crore, soaring 70 percent year-on-year. It was Tk 587 crore in 2022. Meanwhile, net interest income rose 6 percent to Tk 929 crore, the foreign bank said in financial statements that it had made public yesterday. Its income from investments in treasury bonds shot up almost fourfold to Tk 806 crore.

However, its income from commissions dropped 21 percent to Tk 636 crore. "We continue to build strength across Asia. The set results shows that our strategy is working," said the bank in an email reply yesterday. "Our international connectivity remains our biggest differentiator – for businesses, communities, and the customers we serve," it added. HSBC announced its massive profit hot on the heels of multinational Standard Chartered Bangladesh (SCB) last month declaring the biggest profit of the banking sector in the country till date. SCB said its profit had gone up 41 percent year-on-year last year, riding on higher interest income and earnings from investments in treasury bills and bonds.

The profit amounted to Tk 2,335 crore in 2023 whereas it was Tk 1,655 crore in 2022, according to its financial reports. Among the local banks, Dutch-Bangla Bank recorded a profit of around Tk 800 crore, one of the highest among private banks, posting a growth of nearly 42 percent. HSBC, which began its banking operations in Dhaka in 1996, said it increased its investments in treasury bonds to reap the benefits of their high yields. However, it reduced its loans and advances. At the end of the year, HSBC had 34 percent more treasury bills and bonds than what it had in 2022.

It was to the tune of Tk 11,647 crore whereas it was Tk 8,683 crore in the previous year. The loan portfolio decreased 3.77 percent to Tk 21,709 crore. The foreign bank, however, recorded a hike of almost 17 percent in its classified loans, which reached Tk 699 crore. Of the classified loans, Tk 499 crore was "bad loans", Tk 129 crore "substandard" and the rest "doubtful". The bank remitted a profit of Tk 113 crore to its head office in 2023 whereas it was Tk 272 crore in the preceding year.

The bank said there was an ambiguity around the inclusion of banking and non-banking financial institutions within the scope of maintaining a worker's profit participation fund under Bangladesh Labour Act, 2006. As per the law, employers need to provide 5 percent of their net profit to the worker's participation fund. However, it is in contradiction with the Bank Company Act, 1991. The ambiguities are yet to be clarified and therefore, the probability of a legal obligation for payments out of the fund is low at the current stage, for which no provision has been made for the same. However, as long as the issue is not resolved, HSBC Bangladesh is maintaining sufficient retained earnings to meet any future liability, which was estimated at Tk 305 crore.

সমকাল
প্রকাশ: বুধবার, ০৮ মে ২০২৪ পৃষ্ঠা নং- ০১

আইএমএফের ঋণের তৃতীয় কিস্তি পাচ্ছে বাংলাদেশ

সমকাল প্রতিবেদক

৪৭০ কোটি ডলার ঋণের তৃতীয় কিস্তি হিসেবে ৬৮ কোটি ডলার ছাড়ের বিষয়ে সবুজ সংকেত দিয়েছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)। চলতি মাসের শেষ নাগাদ কিংবা আগামী মাসের শুরুর দিকে এই অর্থ ছাড়ের বিষয়ে অর্থ মন্ত্রণালয়কে নিশ্চিত করেছে ঋণ কর্মসূচির আওতায় শর্ত বাস্তবায়ন পর্যবেক্ষণে আসা সংস্থাটির প্রতিনিধি দল। একই সঙ্গে বাংলাদেশের অনুরোধের পরিপ্রেক্ষিতে চতুর্থ কিস্তির জন্য আগামী জুন নাগাদ বৈদেশিক মুদ্রার নিট রিজার্ভ ও কর রাজস্বের লক্ষ্যমাত্রা কমাতেও সম্মত হয়েছে প্রতিনিধি দল। অর্থ মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংক সূত্রে এসব তথ্য জানা গেছে। গত ২৪ এপ্রিল ঢাকা সফরে আসা আইএমএফের ডেভেলপমেন্ট মাইক্রো ইকোনমিক্স ডিভিশনের প্রধান ক্রিস পাপাগেওর্জিউর নেতৃত্বে প্রতিনিধি দল সুনির্দিষ্ট বিষয়ে অর্থ মন্ত্রণালয়, বিদ্যুৎ ও জ্বালানি বিভাগ, বাংলাদেশ ব্যাংক এবং জাতীয় রাজস্ব বোর্ডসহ (এনবিআর) সরকারের বিভিন্ন দপ্তরের সঙ্গে কয়েক দফা বৈঠক করে। এসব বৈঠকের তথ্যের ভিত্তিতে প্রতিনিধি দল মঙ্গলবার অর্থ বিভাগ ও বাংলাদেশ ব্যাংকের সঙ্গে সার্বিকভবে পর্যালোচনামূলক বৈঠকে তৃতীয় কিস্তি ছাড়ের আশ্বাসের পাশাপাশি ঐকমত্যের ভিত্তিতে লক্ষ্যমাত্রা পুনর্নির্ধারণ এবং সংশোধিত শর্ত সংযুক্ত করে চূড়ান্ত করা সমঝোতা স্মারকে স্বাক্ষর করে।

বুধবার অর্থ প্রতিমন্ত্রী ওয়াসিকা আয়েশা খানের সঙ্গে প্রতিনিধি দল সৌজন্য স্বাক্ষাৎ করবে। একই দিন সন্ধ্যায় অর্থ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সংবাদ সম্মেলন করে ঢাকা ছাড়বে। মিশনটির চূড়ান্ত করা সমঝোতা স্মারকের ভিত্তিতে চলতি মাসের শেষ নাগাদ ওয়াশিংটনে আইএমএফের প্রধান কার্যালয়ে অনুষ্ঠেয় পরিচালনা পর্ষদের সভায় তৃতীয় কিস্তি ছাড়ের চূড়ান্ত অনুমোদন হওয়ার কথা রয়েছে। গত ডিসেম্বর নাগাদ শর্ত পরিপালনের ভিত্তিতে ঋণের তৃতীয় কিস্তি পেতে যাচ্ছে বাংলাদেশ। এ সময়ে নির্ধারিত পরিমাণগত ও কাঠামোগত ১০টি শর্তের মধ্যে রিজার্ভ ছাড়া ৯টি লক্ষ্যমাত্রা পূরণ হয়েছে। প্রাথমিকভাবে আইএমএফের তৃতীয় কিস্তি ছাড়ের জন্য গত ডিসেম্বর পর্যন্ত সময়ে নিট বৈদেশিক মুদ্রার রিজার্ভ ২৬ দশমিক ৮১ বিলিয়ন ডলারে উন্নীত করার লক্ষ্যমাত্রা দেওয়া হয়। কিন্তু রিজার্ভের উন্নতি না হওয়ায় বাংলাদেশের অনুরোধের পরিপ্রেক্ষিতে কমিয়ে ১৭ দশমিক ৭৮ বিলিয়ন ডলারে নামিয়ে আনা হয়। তার পরও বাংলাদেশ লক্ষ্যমাত্রা থেকে ৫৮ মিলিয়ন ডলার পিছিয়ে ছিল। এ শর্ত পূরণ না হওয়ায় আনুষ্ঠানিকভাবে অব্যাহতি চাইতে হলেও তৃতীয় কিস্তি ছাড়ের জন্য তা বাধা হচ্ছে না। দ্বিতীয় কিস্তি ছাড়ের জন্য গত জুন পর্যন্ত রিজার্ভের লক্ষ্যমাত্রা ছিল ২৩ দশমিক ৭৪ বিলিয়ন ডলার। তখনও লক্ষ্যমাত্রা পূরণ সম্ভব হয়নি। জুন শেষে দেশে রিজার্ভের পরিমাণ ছিল ১৯ দশমিক ৫৬ বিলিয়ন। এ ছাড়া তখন রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রাও পূরণ হয়নি। এর পর দ্বিতীয় কিস্তির আগে আসা মিশনকে এসব লক্ষ্যমাত্রা পূরণ না হওয়ার পেছনে যৌক্তিকতা বোঝাতে সমর্থ হওয়ায় দ্বিতীয় কিস্তি পায় বাংলাদেশ।

বেসরকারি গবেষণা সংস্থাটি পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুর সমকালকে বলেন, আইএমএফ মোটাদাগে কয়েকটি বিষয়ে গুরুত্ব দিয়েছে। এর মধ্যে রয়েছে বিনিময় হার বাজারভিত্তিক করা, সুদহার বাজারের ওপর ছেড়ে দেওয়া, রাজস্ব আহরণ বাড়ানো ও সরকারের ভর্তুকি কমিয়ে আনা। সরকারও আইএমএফের শর্তের সঙ্গে খাপ খাইয়ে নীতি গ্রহণ ও তা বাস্তবায়নের উদ্যোগ নিচ্ছে। তবে জুনভিত্তিক নিট রিজার্ভের শর্ত ২০ দশমিক ১০ বিলিয়ন ডলার থেকে কমিয়ে ১৮ বিলিয়নের নিচে নির্ধারণ করা হলেও বর্তমান পরিস্থিতিতে তা অর্জন কঠিন। তাই লক্ষ্যমাত্রা অর্জনে সরকারকে আরও মনোযোগী হতে হবে।

বৈদেশিক মুদ্রার রিজার্ভ কমতে থাকার মধ্যে গত বছরের জানুয়ারিতে আইএমএফের সঙ্গে ৪৭০ কোটি ডলারের ঋণচুক্তি করে বাংলাদেশ। ২০২৬ সাল পর্যন্ত মোট সাতটি কিস্তিতে ঋণের পুরো অর্থ ছাড় করার কথা রয়েছে। ইতোমধ্যে দুই কিস্তিতে ১১৫ কোটি ৮২ লাখ ডলার ছাড় করেছে। সবকিছু ঠিক থাকলে তৃতীয় কিস্তির ৬৮ কোটি ২০ লাখ ডলার ছাড় হবে চলতি মাসের শেষ নাগাদ। নভেম্বর নাগাদ সমান পরিমাণ চতুর্থ কিস্তির জন্য আগামী জুনভিত্তিক বেশ কিছু শর্ত পরিপালনের কথা রয়েছে। শর্ত অনুযায়ী চতুর্থ কিস্তির জন্য আগামী জুন শেষে নিট রিজার্ভ ২০ দশমিক ১০ বিলিয়ন ডলারে উন্নীত করার কথা ছিল। তবে বর্তমানে দেশে রয়েছে প্রায় ১৫ বিলিয়ন ডলার। এ ক্ষেত্রে লক্ষ্যমাত্রা পূরণ না হওয়ার কারণ হিসেবে মিশনকে জানানো হয়, বিভিন্ন দাতা সংস্থা থেকে কাঙ্ক্ষিত হারে বাজেট সহায়তা পাওয়া যায়নি। আগামী জুনের আগে বিশ্বব্যাংক থেকে ৫০০ মিলিয়ন ডলারের বাজেট সহায়তা পাওয়া যাবে। এর বাইরে খুব বেশি সহায়তার আশা করা যাচ্ছে না। তাছাড়া নির্বাচনের পর স্থিতিশীল পরিবেশে বৈদেশিক মুদ্রা আসার প্রবাহ বাড়ায় আর্থিক হিসাবের ঘাটতি কমে আসবে বলে আশা করা হলেও তা হয়নি। তাই জুন শেষে এ লক্ষ্যমাত্রা ১৭ থেকে ১৮ বিলিয়ন ডলারের মধ্যে নামিয়ে আনার অনুরোধ জানায় সরকার। একই সঙ্গে বিনিময় হার আরও নমনীয় করতে এবং বৈদেশিক মুদ্রার রিজার্ভের উন্নতির জন্য শিগগির ক্রলিং পেগ সিস্টেম চালু করার প্রতিশ্রুতি দেয়। এ পরিপ্রেক্ষিতে আইএমএফ মিশন লক্ষ্যমাত্রা কমিয়ে আনতে সম্মত হয়েছে। একই সঙ্গে কর রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা ৩ লাখ ৯৪ হাজার ৫৩০ কোটি টাকা থেকে ১০ হাজার কোটি টাকা কমাতেও সম্মত হয় প্রতিনিধি দল।

নয়া দিগন্ত

প্রকাশ: বুধবার, ০৮ মে ২০২৪ পৃষ্ঠা নং-০১

পণ্য আমদানির শর্ত শিথিল করতে বলেছে আইএমএফ

আশরাফুল ইসলাম

ডলার সঙ্কটের কারণে বেশ কিছু পণ্য বিশেষ করে গাড়িসহ বিলাসজাত পণ্য আমদানিতে কড়াকড়ি করা হয়েছিল। এসব পণ্য আমদানিতে শতভাগ মার্জিন দেয়ার নির্দেশনা দিয়েছে বাংলাদেশ ব্যাংক থেকে। এর প্রভাবে পণ্য সামগ্রিক আমদানি অর্ধেকে নেমে এসেছে। এমনি পরিস্থিতি আন্তর্জাতিক মুদ্রা তহবিল আইএমএফ বিদ্যমান এলসি মার্জিন শিথিল করতে পরামর্শ দিয়েছে। আইএমএফের কাছ থেকে ঋণ পাওয়ার শর্ত হিসেবে সফররত সংস্থাটির প্রতিনিধিদলের সদস্যদের বৈঠকে বাংলাদেশ ব্যাংককে এ পরামর্শ দেয়া হয়েছে। দুই সপ্তাহের সফরে সংস্থাটির প্রতিনিধিদল গতকাল বাংলাদেশ ব্যাংকের সাথে শেষ বৈঠক হয়েছে। বৈঠকে বাংলাদেশ ব্যাংক গভর্নর আব্দুর রউফ তালুকদার, ডেপুটি গভর্নররাসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বৈঠকের বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, ৪৭০ কোটি ডলার ঋণের তৃতীয় কিস্তি হিসেবে ৬৮ কোটি ডলার ছাড়ের জন্য আইএমএফ যেসব শর্ত দিয়েছিল ইতোমধ্যে তার বেশির ভাগই পূরণ করা হয়েছে। তবে, শর্ত অনুযায়ী বৈদেশিক মুদ্রার রিজার্ভ সংরক্ষণ করা যায়নি। এর কারণ তুলে ধরা হয়েছে তাদের কাছে। যেমন ঋণের তৃতীয় কিস্তি পাওয়ার জন্য মার্চ শেষে ১৯ দশমিক ২৬ বিলিয়ন ডলার ও জুন শেষে ২০ দশমিক ১০ বিলিয়ন ডলার নিট রিজার্ভ সংরক্ষণের শর্ত ছিল আইএমএফের। কিন্তু বর্তমানে বাংলাদেশের নিট রিজার্ভের পরিমাণ প্রায় ১৫ বিলিয়ন ডলার। বৈঠকে রিজার্ভ সংরক্ষণের শর্ত শিথিল করতে বলা হয়েছে। তারা শর্তানুযায়ী রিজার্ভ সংরক্ষণ করতে না পারার কেন্দ্রীয় ব্যাংকের যৌক্তিক কারণ ইতিবাচক হিসেবে নিয়েছে। আর এ কারণে তৃতীয় কিস্তি পাওয়ার বিষয়ে কোনো সংশয় নেই বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, দীর্ঘ দিন ধরে দেশে বৈদেশিক মুদ্রার আন্তঃপ্রবাহের সাথে বহিঃপ্রবাহের কোনো সমন্বয় হচ্ছে না। অর্থাৎ রফতানি আয়, রেমিট্যান্স ও বৈদেশিক ঋণ, অনুদানের মাধ্যমে যে পরিমাণ বৈদেশিক মুদ্রা আসছে তা দিয়ে আমদানি ব্যয় ও বৈদেশিক ঋণ পরিশোধ করা যাচ্ছে না। বাধ্য হয়ে প্রতি মাসেই বৈদেশিক মুদ্রার রিজার্ভ দিয়ে আংশিক ঘাটতি মেটাতে হচ্ছে। আর এ কারণে বৈদেশিক মুদ্রার মজুদ প্রতি মাসেই কমে যাচ্ছে। বৈদেশিক মুদ্রার মজুদ যেখানে ৪৮ বিলিয়ন ডলার ছিল, সেখানে এখন নিট রিজার্ভ ১৫ বিলিয়ন ডলারের নিচে নেমে গেছে। পরিস্থিতি সামাল দেয়ার জন্য পণ্য আমদানিতে কড়াকড়ি করা হয়েছিল। বিশেষ করে, গাড়িসহ বিলাসজাত পণ্য আমদানিতে শতভাগ মার্জিন রাখার নির্দেশনা ছিল। এতে আমদানি ব্যয় প্রায় অর্ধেকে নেমে এসেছে। কিন্তু এর পরেও কাক্সিক্ষত হারে বৈদেশিক মুদ্রার রিজার্ভ থাকছে না। সফররত আইএমএফের প্রতিনিধিরা পণ্যের সরবরাহ বাড়াতে পণ্য আমদানির ওপর বিদ্যমান কড়াকড়ি পরিহার করতে পরামর্শ দিয়েছে। অর্থাৎ আমদানির শর্ত শিথিল করতে বলা হয়েছে। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক থেকে বিষয়টি বিবেচনা করার আশ্বাস দেয়া হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, গতকাল বৈদেশিক মুদ্রার বিনিময় হার নিয়ে আলোচনা হয়েছে। রেমিট্যান্স আহরণের জন্য এক দর, রফতানির জন্য আরেক দর এবং আন্তঃব্যাংকের জন্য আরেক দর নিয়ে কথা হয় বৈঠকে। আইএমএফ বিনিময় হারের ওপর হস্তক্ষেপ না করার বাজারভিত্তিক বিনিময় হারের বিষয়ে পরামর্শ দিয়েছে। গতকাল সংস্থাটির সফররত প্রতিনিধিরা আগামী জুনে অর্থ ছাড়ের বিষয়ে অর্থ মন্ত্রণালয়কে নিশ্চিত করেছেন। গতকাল আইএমএফ কর্মকর্তাদের সাথে বৈঠক শেষে অর্থ মন্ত্রণালয়ের একাধিক শীর্ষ কর্মকর্তা এ তথ্য গণমাধ্যমে নিশ্চিত করেন।

বাংলাদেশ ব্যাংকের এক দায়িত্বশীল কর্মকর্তা গতকাল নয়া দিগন্তকে জানিয়েছেন, আগামী জুনে তৃতীয় কিস্তির অর্থ ছাড়ের বিষয়ে নিশ্চিত করতে গতকাল আইএমএফ ও বাংলাদেশ ব্যাংকের সাথে ধারাবাহিক বৈঠকে চুক্তির বিভিন্ন দিক চূড়ান্ত করা হয়েছে। এ বছরের জুন নাগাদ দেশের নিট বৈদেশিক মুদ্রা রিজার্ভ ২০.১০ বিলিয়ন ডলারে উন্নীত করার শর্ত দিয়েছিল আইএমএফ, ঋণদাতা সংস্থাটি এটা কমিয়ে ১৭-১৮ বিলিয়ন ডলারে নামিয়ে আনতে পারে বলেও জানান তারা। একই সাথে চতুর্থ কিস্তি পাওয়ার জন্য আগামী অক্টোবর ও ডিসেম্বর নাগাদ নিট রিজার্ভের টার্গেটও নতুন করে নির্ধারণ করে দেয়া হবে। দ্বিতীয় কিস্তি পাওয়ার আগেও নিট রিজার্ভের শর্ত পূরণ করতে ব্যর্থ হয় বাংলাদেশ। তখন আগামী মার্চ ও জুনের জন্য লক্ষ্যমাত্রা কমিয়ে নির্ধারণ করে এমওইউ স্বাক্ষর করে আইএমএফ।

কেন্দ্রীয় ব্যাংকের ওই কর্মকর্তা বলেন, আইএমএফের সাথে সরকারের উল্লেখ করার মতো কোনো দ্বিমত নেই। ভর্তুকি কমানো, রাজস্ব ও রিজার্ভ বাড়ানোসহ আইএমএফ যেসব বিষয় বাস্তবায়ন করতে শর্তারোপ করছে, সরকারও সেগুলো বাস্তবায়নে করতে কাজ করছে।

অপর এক কর্মকর্তা বলেন, আগামী জুন-ভিত্তিক রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা অর্জন করা নিয়েও সংশয় রয়েছে সরকারের। তাই জুনভিত্তিক রাজস্ব আদায়ে আইএমএফের লক্ষ্যমাত্রাতেও ছাড় চেয়েছে অর্থ মন্ত্রণালয়। নতুন এমওইউতে (সমঝোতাস্মারকে) এ ক্ষেত্রেও ছাড় দিতে পারে সংস্থাটি। প্রসঙ্গত, বৈদেশিক মুদ্রা রিজার্ভ কমতে থাকার মধ্যে গত বছরের জানুয়ারিতে আইএমএফের সাথে ৪.৭ বিলিয়ন ডলারের ঋণচুক্তি করে বাংলাদেশ। ২০২৬ সাল পর্যন্ত মোট সাতটি কিস্তিতে এই ঋণ ছাড় করা হবে। গত বছরের ফেব্রুয়ারিতে আইএমএফ ৪৪ কোটি ৭৮ লাখ ডলারের প্রথম কিস্তি ছাড় করে। আর ডিসেম্বরে দ্বিতীয় কিস্তিতে ৬৮ কোটি ১০ লাখ ডলার ছাড় করে।

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন
প্রকাশ: বুধবার, ০৮ মে ২০২৪ পৃষ্ঠা নং-০১

গতি নেই অর্থনীতিতে

মানিক মুনতাসির

মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে ও বাজারে টাকার প্রবাহ কমাতে ব্যাংক ঋণের সুদহার বাড়ানো হয় গত বছর জুলাই মাসে। গত মার্চে ব্যাংকের সুদহার বেড়ে সাড়ে ১৩ শতাংশ ছাড়িয়ে যায়। যা গত জুলাইয়ে ছিল সর্বোচ্চ ৯ শতাংশ। এতে বাধাগ্রস্ত হচ্ছে বিনিয়োগ। বাড়ছে শিল্পের উৎপাদন খরচ। প্রতিবন্ধকতা তৈরি হয়েছে কর্মসংস্থানে। বর্তমানে মূল্যস্ফীতির হারও ১০ শতাংশের কাছাকাছি। চলতি ২০২৩-২৪ অর্থবছরের প্রথম আট মাসে বাজেট বাস্তবায়ন হয়েছে ৪০ শতাংশের কম। এ সময়ে রাজস্ব ঘাটতি তৈরি হয়েছে প্রায় ২৫ হাজার কোটি টাকা। দুই বছরে ডলারের বিপরীতে টাকার মান কমেছে ৩০ শতাংশের বেশি। বৈদেশিক মুদ্রার রিজার্ভ কমে দাঁড়িয়েছে ১৯ বিলিয়ন ডলারে। ফলে দেশের সামগ্রিক অর্থনীতি এগোচ্ছে মন্থর গতিতে। অর্থ বিভাগ, বাংলাদেশ ব্যাংক সূত্রে এসব তথ্য জানা গেছে।

সরকারের চলতি হিসাবে উদ্বৃত্ত থাকলেও বড় ঘাটতি রয়েছে আর্থিক হিসাবে। গত বছর ডিসেম্বর শেষে আর্থিক হিসাবে ঘাটতির পরিমাণ ছিল ৫৩৯ কোটি ডলার। যদিও ২০২২ সালের ডিসেম্বরে আর্থিক হিসাবে ১৪ কোটি ডলার উদ্বৃত্ত ছিল। চলতি ২০২৩-২৪ অর্থবছরের প্রথম আট মাস জুলাই-ফেব্রুয়ারিতে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) ৩১ দশমিক ১৭ শতাংশ বাস্তবায়ন হয়েছে। অর্থবছরের আট মাস বিবেচনায় এটি গত ১০ বছরের মধ্যে এডিপির সর্বনিম্ন বাস্তবায়নের হার। জানা গেছে, চাপ বাড়ছে দেশের সামগ্রিক অর্থনীতিতে।

রাশিয়া-ইউক্রেন চলমান যুদ্ধের প্রভাবের সঙ্গে বৈশ্বিক অর্থনৈতিক মন্দা পরিস্থিতিকে দীর্ঘায়িত করছে ইসরায়েল-ফিলিস্তিনসহ মধ্যপ্রাচ্যের সংকট। জ্বালানি তেলের বাজারে বিরাজ করছে অস্থিরতা। পৃথিবীর বিভিন্ন দেশে খাদ্য মূল্যস্ফীতি কিছুটা কমলেও বৈশ্বিক খাদ্য শৃঙ্খলায় এক ধরনের চাপ বিরাজ করছে। এদিকে বাংলাদেশে খাদ্যসহ সার্বিক মূল্যস্ফীতি বাড়ছেই। ব্যাংক ঋণের চড়া সুদহারের কারণে নতুন করে বিনিয়োগ ও কর্মসংস্থান থমকে আছে। শিল্পের উৎপাদন খরচও বাড়ছে। জলবায়ু পরিবর্তনের প্রভাবে সৃষ্ট বৈরী আবহাওয়ার নেতিবাচক প্রভাবের কারণে কৃষি খাতের উৎপাদন কমছে। আবার উৎপাদন খরচ বাড়ছে। সব মিলিয়ে ধীরগতিতে এগোচ্ছে সামগ্রিক অর্থনীতি। এমন পরিস্থিতি নতুন আরেকটি বাজেট প্রণয়নের কাজ করছে অর্থ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)।

জানা গেছে, সম্প্রতি ব্যাংক ঋণ ও আমানতের ওপর আরোপিত সুদহারের ৬ ও ৯ শতাংশের সীমা তুলে দেওয়া হয়েছে। এমনকি পূর্বে কম রেটে নেওয়া ঋণও পরিশোধ করতে হচ্ছে বাড়তি সুদের হারে। এ কারণে বিনিয়োগ ও ব্যবসা-বাণিজ্যে সৃষ্টি হয়েছে মন্দা। রপ্তানি ও রেমিট্যান্স না বাড়ায় দ্রুত কমছে বৈদেশিক মুদ্রার রিজার্ভ। ডলারের বিপরীতে টাকার মান কমেই চলেছে। বিদ্যুৎ ও জ্বালানির দাম বাড়ায় বেড়েছে উৎপাদন খরচ। বৈরী আবহাওয়ার নেতিবাচক প্রভাব পড়ছে কৃষিতেও। বিনিয়োগ ও কর্মসংস্থানেও স্থবিরতা। অর্থবছরের প্রথম আট মাসে বাজেট বাস্তবায়ন ৪০ শতাংশেরও নিচে। নতুন বাজেট প্রণয়নে করতে হচ্ছে নতুন হিসাবনিকাশ। বিশ্লেষকরা বলছেন, সরকারের ব্যাংক থেকে ধার করার পরিমাণ নতুন অর্থবছরেও বাড়বে।

আন্তর্জাতিক মুদ্রা তহবিলের শর্ত পূরণে বাজেট ঘাটতি কাটিয়ে উঠতে নতুন বাজেটের আকার কমিয়ে আনছে সরকার। তবে ব্যাংক ঋণের ওপর নির্ভরশীলতা থেকেই যাবে। বিশেষ করে রাজস্ব আয় বাড়াতে এনবিআরের পরিকল্পনার কোনো বাস্তবায়ন দেখা যায় না। প্রতি বছরই করদাতা বাড়ানোর পরিকল্পনা করা হয় কিন্তু তা আর কার্যকর হয় না। ফলে কর-জিডিপির অনুপাত ১০ শতাংশের মধ্যেই আটকে আছে। যা কমপক্ষে ২০ শতাংশ হওয়া উচিত বলে মনে করেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. সালেহউদ্দিন

আহমেদ। তিনি বাংলাদেশ প্রতিদিনকে বলেন, ওয়ার্ল্ড ইকোনমিক আউটলুক নামে বিশ্বব্যাংক, আইএমএফ এমনকি সরকারের নিজস্ব বিভিন্ন সংস্থার জরিপের তথ্য অনুযায়ী আমাদের কর-জিডিপি রেশিও যা হওয়ার কথা বাস্তবে তার অর্ধেক রয়েছে। অথচ এ রেশিও প্রতিবেশী দেশ ভারতে ১৯ দশমিক ৬৭ শতাংশ, নেপালে ২১ দশমিক ৫০, পাকিস্তানে ১৪ দশমিক ৮৮ ও শ্রীলঙ্কায় ১২ দশমিক ৭৪ শতাংশ।

এদিকে ব্যাংক খাতের অস্থিরতা, অনিয়ম-দুর্নীতি অর্থ পাচার রোধ করতে না পারায় বৈদেশিক মুদ্রার রিজার্ভ ১৯ বিলিয়ন ডলারে নেমে এসেছে। যা আইএমএফের মানদণ্ড অনুযায়ী ২০ বিলিয়নের ওপরে থাকার কথা। আমদানি খাতে কঠোর নীতি অবলম্বন করেও আমদানি ব্যয় কমানো যায়নি। আবার টাকার বিপরীতে ডলারের মান প্রতিদিনই বাড়ছে। করোনা মহামারির সময়েও যে প্রতি ডলারের বিপরীতে ডলারের মান ছিল ৮৫-৮৮ টাকা। তা এখন ১২০ টাকায় নেমেছে। এরপরও ব্যাংক খাতে তীব্র ডলার সংকট বিরাজ করছে। মূল্যস্ফীতির চাপ কমাতে ভোগ্যপণ্য আমদানির ওপর ডিউটি মওকুফ করা হয়েছে। কিন্তু জিনিসপত্রের দাম কমেনি। ফলে মূল্যস্ফীতিও কমেনি, বরং বেড়েছে। মূল্যস্ফীতির চাপ এখনো ১০ শতাংশের কাছাকাছি।

অন্যদিকে জিডিপি প্রবৃদ্ধির হারে ব্যাপকভাবে ছন্দপতন ঘটেছে। প্রথম প্রান্তিকের চেয়ে দ্বিতীয় প্রান্তিকে জিডিপি প্রবৃদ্ধি নেমে এসেছে অর্ধেকে। সর্বশেষ গত ফেব্রুয়ারির শুরুতে অনুষ্ঠিত সরকারের আর্থিক মুদ্রা ও মুদ্রা বিনিময় হারসংক্রান্ত কো-অর্ডিনেশন কাউন্সিল বৈঠকে এসব বিষয়ে উদ্বেগ জানানো হয়েছে। ওই বৈঠকে রাজস্ব আদায় বাড়ানো, রপ্তানি ও রেমিট্যান্স বৃদ্ধি এবং আর্থিক খাতের নজরদারি বাড়ানোর নির্দেশনা দেন অর্থমন্ত্রী। এরপর তিন মাস কেটে গেলেও অবস্থার কোনো উন্নতি হয়নি। ওই বৈঠকের তথ্য অনুযায়ী, চলতি অর্থবছরের প্রথম আট মাসে (জুলাই থেকে ফেব্রুয়ারি) ৩৯ দশমিক ৮২ শতাংশ বাজেট বাস্তবায়ন হয়েছে। অর্থাৎ ৬০ শতাংশের বেশি বাজেট বাস্তবায়নের জন্য সময় রয়েছে মাত্র চার মাস (মার্চ-জুন)। ৬০ শতাংশ মানে ৪ লাখ ২৯ হাজার ৯৩৭ কোটি টাকা। চার মাসে এ বিপুল টাকা খরচ করতে গিয়ে অনিয়ম হতে পারে বলে আশঙ্কা করছেন অর্থনীতিবিদরা। তাদের মতে, এতে আর্থিক খাতের শৃঙ্খলা ও সঠিক ব্যয় অনিশ্চিত হয়ে পড়বে। এ প্রসঙ্গে বিশিষ্ট অর্থনীতিবিদ ড. হোসেন জিল্লুর রহমান বলেন, বাজেট বাস্তবায়নের গতি প্রথমদিকে সব সময়ই কম থাকে। অর্থবছরের শেষ সময়ে তড়িঘড়ি করে শতভাগ এডিপি ও বাজেট বাস্তবায়ন দেখানো হয়। এতে বাজেট ব্যয়ের গুণগত মান ঠিক থাকে না বলে তিনি মনে করেন। এদিকে দেশের ব্যাংক খাতে বড় সংকট বিরাজ করছে। কেননা সমস্যা জর্জরিত ব্যাংক খাত পুনর্গঠনে আইএমএফের শর্তের বাস্তবায়ন করছে সরকার। যদিও এক্ষেত্রে একীভূতকরণে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনাকে বৃদ্ধাঙুল দেখিয়ে যাচ্ছে অনেক ব্যাংকই। অন্যদিকে ব্যাংক খাতের খেলাপি ঋণ বেড়ে নতুন রেকর্ড সৃষ্টি করেছে। ফলে সামগ্রিক অর্থনীতিতে নেতিবাচক চাপ প্রতিদিনই বাড়ছে।

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন
প্রকাশ: বুধবার, ০৮ মে ২০২৪ পৃষ্ঠা নং-০১

গবেষণা তথ্য

দেশের ৩০ শতাংশ সম্পদের মালিক ১০ শতাংশ পরিবার

শাহেদ আলী ইরশাদ

দেশের মোট সম্পদের ৩০ শতাংশের মালিক ১০ শতাংশ ধনী পরিবার। এদের কাছ থেকে ১৫ শতাংশ কর আদায় করা গেলে সরকার অতিরিক্ত ২ দশমিক ৫ শতাংশ অর্থ পাবে। ফলে নিজস্ব অর্থায়নে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন করতে পারবে। এতে কমবে সরকারের ঋণ। গবেষণা প্রতিষ্ঠান পলিসি রিসার্চ ইনস্টিটিউটের (পিআরআই) এক গবেষণায় এসব তথ্য উঠে এসেছে। যে কোনো দেশের উন্নয়নের পূর্বশর্ত হলো অবকাঠামো, শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগসহ উন্নয়ন কর্মকাণ্ডে ব্যয়। বাংলাদেশের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) অনুপাতে এমন ব্যয় বর্তমানে ১৫ দশমিক ৭৩ শতাংশ।

যা নিম্ন আয়ের একটি দেশের গড় ব্যয়ের চেয়েও ৫ দশমিক ৬১ শতাংশ কম। একটি নিম্ন আয়ের দেশও উন্নয়নের জন্য জিডিপির অনুপাতে ২১ দশমিক ৩৪ শতাংশ ব্যয় করে। মধ্যম আয়ের দেশে ব্যয়ের পরিমাণ ৩৬ দশমিক ৫০ শতাংশ আর বৈশ্বিক গড় ব্যয় ৩৫ দশমিক ২২ শতাংশ। সম্প্রতি এক অনুষ্ঠানে গবেষণা সংস্থা পলিসি রিসার্চ ইনস্টিটিউট বলছে, বাংলাদেশে এই ব্যয় উচিত ৩৫ শতাংশ। আর মধ্যম আয়ের দেশ হতে ব্যয় নিয়ে যেতে হবে সাড়ে ৩৬ শতাংশে। এ বিষয়ে পলিসি রিসার্চ ইনস্টিটিউটের পরিচালক ড. আবদুর রাজ্জাক বলেন, অনেক কারণে সরকারি ব্যয় দরকার। বিশেষ করে অবকাঠামো। সরকার এমন অনেক জায়গায় বিনিয়োগ করে যার ফল আমরা ভবিষ্যতে পাই। শিক্ষায় যদি বিনিয়োগ না করি তাহলে দক্ষ মানবসম্পদ পাওয়া যাবে না। ফলে ভবিষ্যতের প্রবৃদ্ধি আমাদের নিচের দিকে নামতে পারে। পিআরআই বলছে, সরকারি ব্যয় বৈশ্বিক মানদণ্ডের কম হওয়ার প্রধান কারণ অভ্যন্তরীণ রাজস্ব আয়ে পিছিয়ে থাকা।

সরকারি হিসাবে বর্তমানে রাজস্ব-জিডিপির অনুপাতে ৮ শতাংশের মতো। এ আয় অন্তত ২ শতাংশ বাড়ানো গেলে আয়কর থেকে ৬৫ হাজার কোটি টাকা আয় বাড়ানো সম্ভব। মূল্য সংযোজন কর থেকে ৬৪ হাজার ৭০০ কোটি টাকা এবং কাস্টমস থেকে ৬৪ হাজার ১০০ কোটি টাকা আয় করা সম্ভব। প্রতিবেদনের তথ্য তুলে ধরে পিআরআই পরিচালক ড. আবদুর রাজ্জাক বলেন, বাংলাদেশে মোট সম্পদের প্রায় ৩০ শতাংশ রয়েছে ১০ শতাংশ ধনী পরিবারের হাতে। এই ১০ শতাংশ পরিবারকে যদি ১৫ শতাংশ কর আরোপ করা যায়, তাহলে অতিরিক্ত আড়াই শতাংশ কর আদায় হবে। বাড়তে থাকা মূল্যস্ফীতির লাগাম টানতে কর আদায় বাড়ানোর বিকল্প নেই। ড. আবদুর রাজ্জাক বলেন, ঋণের সুদ পরিশোধের জন্য সরকার বাজেটের ১২ থেকে ১৩ শতাংশ ব্যয় করছে।

এটা চিন্তা করলেও ট্যাক্স-জিডিপি অনুপাত বাড়ানো দরকার। না হলে আমাদের ঋণ করে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নে যে পরিমাণ খরচ হচ্ছে, সেটার বরাদ্দে বেড়ে অনেক বেশি ব্যয় হচ্ছে। তার সঙ্গে আমাদের সুদ পরিশোধ করতে হচ্ছে। তাই উন্নয়ন কর্মসূচির একটি অংশ আমাদের নিজস্ব কর আয়ের অর্থে হওয়া উচিত। পিআরআইর নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুর বলেন, আমি কর না দিলেও সরকার ব্যয় করবে, কীভাবে সেটা হলো সরকারের কাছে আমার ইনফ্লাশন ট্যাক্স হিসেবে সারেন্ডার করে। সবচেয়ে ভালো কর প্রদান করা। এতে স্বচ্ছতা জবাবদিহিতা নিশ্চিত হবে।

নতুন ধারার দৈনিক
আমাদের সময়
প্রকাশ: বুধবার, ০৮ মে ২০২৪ পৃষ্ঠা নং-০১

সব শর্ত পূরণ না হলেও যথাসময়ে ঋণের তৃতীয় কিস্তি পাওয়ার আশা

নিজস্ব প্রতিবেদক

আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) ঋণের তৃতীয় কিস্তির অর্থ যথাসময়েই পাওয়ার আশা করছে বাংলাদেশ ব্যাংক। ঋণের শর্ত পর্যালোচনা করতে আসা সফররত আইএমএফ প্রতিনিধি দলের সঙ্গে গতকাল বাংলাদেশ ব্যাংকের গভর্নর আব্দুর রউফ তালুকদারের সমাপনী বৈঠক অনুষ্ঠিত হয়। ওই বৈঠকে কিস্তি ছাড়ের বিষয়ে ইতিবাচক মনোভাবের কথা জানিয়েছে দাতা সংস্থাটির প্রতিনিধিরা। এ বিষয়ে আজ বুধবার আইএমএফ ও বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে পৃথক সংবাদ সম্মেলনের মাধ্যমে বিস্তারিত জানানো হবে। চলতি মাসের শেষদিকে তৃতীয় কিস্তির প্রায় ৭০ কোটি ডলার ছাড়ের কথা রয়েছে আইএমএফের। বাংলাদেশ ব্যাংকসূত্রে এসব তথ্য জানা গেছে। বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক মো. মেজবাউল হক আমাদের সময়কে বলেন, আইএমএফের সঙ্গে

আজ (মঙ্গলবার) সমাপনী বৈঠক হয়েছে। আমাদের যে বায়োলেটারেল অ্যাগ্রিমেন্টগুলো, তার সবগুলোতে আমরা একমত হয়েছি। এ বিষয়ে কেন্দ্রীয় ব্যাংক ও আইএমএফ থেকে আগামীকাল (বুধবার) পৃথক সংবাদ সম্মেলনের মাধ্যমে বিস্তারিত জানানো হবে। ঋণের কিস্তি ছাড় নিয়ে এক প্রশ্নের জবাবে মুখপাত্র বলেন, আমরা অবশ্যই ঋণের তৃতীয় কিস্তি পেতে আশাবাদী। চলতি মাসে আইএমএফের বোর্ড মিটিং অনুষ্ঠিত হবে। ওই মিটিংয়ে এটা অনুমোদন হবে। বৈঠকে কি কি বিষয় আলোচনা হয়েছে এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, আইএমএফের বিভিন্ন বিষয়ে যেসব পর্যালোচনা ছিল, সেটা আমাদের জানিয়েছে। আমরা বেশির ভাগ শর্তই পূরণ করতে পেরেছি। কোনটা পেরেছি, কোনটা পারিনি, কেন ফেল করেছি- এই জিনিসগুলো আলোচনায় প্রাধান্য পেয়েছে।

গত বছরের ৩০ জানুয়ারি বাংলাদেশের অনুকূলে ৪৭০ কোটি ডলার ঋণের অনুমোদন করে আইএমএফ। এরই মধ্যে দুটি কিস্তির অর্থ পেয়েছে বাংলাদেশ। এখন তৃতীয় কিস্তির জন্য গত ডিসেম্বর পর্যন্ত বিভিন্ন শর্তের বাস্তবায়ন পর্যালোচনা করছে সফররত মিশন। কেন্দ্রীয় ব্যাংকসহ সরকারের বিভিন্ন পর্যায়ে ধারাবাহিক বৈঠকে সফররত প্রতিনিধি দলটি গত কয়েক দিনে তাদের শর্তপূরণের অগ্রগতি জানার চেষ্টা করেছে। সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে, নিট রিজার্ভ ও রাজস্ব আদায় ছাড়া বেশির ভাগ শর্তপূরণ করতে সক্ষম হয়েছে বাংলাদেশ। এ জন্য তৃতীয় কিস্তির অর্থ যথাসময়ে ছাড়ের ব্যাপারে আশাবাদী সরকার।

জানা যায়, আইএমএফের তৃতীয় কিস্তি ছাড়ের জন্য প্রাথমিকভাবে গত ডিসেম্বর পর্যন্ত সময়ে নিট বৈদেশিক মুদ্রার রিজার্ভ ২৬ দশমিক ৮১ বিলিয়ন ডলারে উন্নীত করার লক্ষ্যমাত্রা দেওয়া হয়। কিন্তু বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতিতে রিজার্ভে বড় ধরনের উন্নতি না হওয়ায় বাংলাদেশের অনুরোধের প্রেক্ষিতে তা কমিয়ে ১৭ দশমিক ৭৮ বিলিয়ন ডলারে নামিয়ে আনা হয়। তারপরও এ লক্ষ্য পূরণ করতে পারেনি বাংলাদেশ ব্যাংক। এদিকে এদিকে চতুর্থ কিস্তির জন্য আগামী জুন নাগাদ নিট রিজার্ভ ২০ দশমিক ১০ বিলিয়ন ডলারে উন্নীত করতে হবে। তবে বর্তমানে দেশে নিট রিজার্ভ রয়েছে ১৫ বিলিয়ন ডলারের আশপাশে। তাই আগামী জুনের মধ্যে নিট রিজার্ভ সংরক্ষণের লক্ষ্যমাত্রা কমিয়ে ১৮ বিলিয়নে করতে সম্মত হয়েছে আইএমএফ।

এদিকে গত কয়েক দিন বাংলাদেশ ব্যাংকের সঙ্গে বৈঠকে রিজার্ভ বৃদ্ধির কর্মপরিকল্পনা খেলাপি ঋণ কমানো, সুদহার ও ডলারের বিনিময় হার বাজারভিত্তিক করাসহ বিভিন্ন শর্ত বাস্তবায়নের অগ্রগতি জানতে চায় দাতা সংস্থাটির সদস্যরা। এ সময় বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে জানানো হয়, ব্যাংক খাত সংস্কারের অংশ হিসেবে গত ফেব্রুয়ারি মাসে কেন্দ্রীয় ব্যাংক থেকে একটি পথনকশা ঘোষণা করা হয়। এতে খেলাপি ঋণ কমানোসহ মোট ১৭টি কর্মপরিকল্পনা ঘোষণা করা হয়েছে। এসব কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে আগামী ২০২৬ সালের জুনের মধ্যে খেলাপি ঋণ ৮ শতাংশের নিচে আনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ জন্য মন্দ ঋণ অবলোপন করার সময় এক বছর কমিয়ে আনা হয়েছে। অর্থাৎ এখন থেকে দুই বছর মন্দ মানে শ্রেণীকৃত যে কোনো ঋণই অবলোপন করা যাবে। এতে ব্যাংক খাতে ৪৩ হাজার কোটি টাকার খেলাপি ঋণ কমবে।

অন্যদিকে খেলাপি ঋণের সংজ্ঞা আন্তর্জাতিক মানে উন্নীত করার লক্ষ্যে খেলাপি ঋণ মেয়াদোত্তীর্ণ হওয়ার সময় কমিয়ে আনা হয়েছে। বর্তমানে কোনো মেয়াদি ঋণের কিস্তি বা এর অংশবিশেষ পরিশোধের নির্ধারিত তারিখের পর থেকে ছয় মাস পর মেয়াদোত্তীর্ণ হয়। আগামী সেপ্টেম্বর থেকে এসব ঋণের কিস্তি বা কিস্তির অংশবিশেষ পরিশোধের নির্ধারিত দিন থেকে পরবর্তী ৩ মাস পর মেয়াদোত্তীর্ণ হবে। এক্ষেত্রে সময় কমানো হয়েছে ৩ মাস। আগামী বছরের ৩১ মার্চ থেকে তা পরিশোধের নির্ধারিত দিনের পরদিন থেকেই মেয়াদোত্তীর্ণ হবে। বৈঠকে প্রতিনিধি দলটি ঋণের সুদহারের স্মার্ট পদ্ধতি তুলে দিয়ে শিগগিরই তা পুরোপুরি বাজারভিত্তিক করা এবং রেপোর আওতায় ব্যাংকগুলোকে দৈনিক ভিত্তিতে ধার দেওয়া বন্ধ করার পরামর্শ দিয়েছে। সেই সঙ্গে ডলারের বাজারে স্থিতিশীলতা ফেরাতে ক্রলিং পেগ পদ্ধতি চালুর ওপর জোর দিয়েছে।

এ ছাড়া ব্যাংকিং খাতে স্বচ্ছতা ও জবাবদিহি আনতে আন্তর্জাতিক আর্থিক রিপোর্টিং মান বা আইএফআরএস অনুযায়ী একটি পরিকল্পনা গ্রহণ করার শর্ত আছে। এটা জুনের মধ্যেই বাস্তবায়ন করা হবে বলে প্রতিনিধি দলকে আশ্বস্ত করেছেন বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তারা। ২০২২ সালের জুলাইয়ে আইএমএফের কাছে ঋণের আবেদন করেছিল বাংলাদেশ। এর ছয় মাস পর গত বছরের ৩০ জানুয়ারি ৪৭০ কোটি ডলার ঋণের অনুমোদন করে দাতা সংস্থাটি। আইএমএফের সিদ্ধান্ত অনুযায়ী, ২০২৬ সাল পর্যন্ত সাড়ে তিন বছরে মোট সাত কিস্তিতে এ অর্থ ছাড় হবে। এরই মধ্যে দুটি কিস্তির অর্থ পেয়েছে বাংলাদেশ। এর মধ্যে গত বছরের ২ ফেব্রুয়ারি প্রথম কিস্তি হিসেবে ৪৭ কোটি ৬৩ লাখ ডলার এবং ডিসেম্বর দ্বিতীয় কিস্তির ৬৮ কোটি ৯৮ লাখ ডলার পেয়েছে বাংলাদেশ।

প্রথম আলো

প্রকাশ: বুধবার, ০৮ মে ২০২৪ পৃষ্ঠা নং- ১১

অর্থসংকটে এডিপির আকার বাড়ছে ২ হাজার কোটি টাকা

বিশেষ প্রতিবেদক, ঢাকা

অর্থসংকটের কারণে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আকার খুব একটা বাড়ানো হচ্ছে না। আগামী ২০২৪-২৫ অর্থবছরের এডিপির আকার দাঁড়াচ্ছে ২ লাখ ৬৫ হাজার কোটি টাকা। সর্বশেষ ২০২৩-২৪ অর্থবছরের এডিপি থেকে মাত্র ২ হাজার কোটি টাকা বাড়ছে আগামী এডিপির বরাদ্দ। এই বৃদ্ধি শতাংশের হিসাবে ১ শতাংশেরও কম। আগামী এডিপিতে স্থানীয় মুদ্রায় বরাদ্দ কমিয়ে দেওয়া হচ্ছে। আগামী এডিপিতে ১ লাখ ৬৫ হাজার কোটি টাকা স্থানীয় উৎস থেকে দেওয়া হবে। চলতি অর্থবছরে মূল এডিপিতে এর পরিমাণ ছিল ১ লাখ ৬৯ হাজার কোটি টাকা। সেই হিসাবে স্থানীয় মুদ্রায় আগামী এডিপিতে বরাদ্দ কমানো হচ্ছে ৪ হাজার কোটি টাকা। স্থানীয় মুদ্রায় বরাদ্দ কমানোর ঘটনা এবারই প্রথম ঘটতে যাচ্ছে।

এ ছাড়া আগামী এডিপিতে প্রথমবারের মতো বিদেশি সহায়তা পাওয়ার লক্ষ্য ১ লাখ কোটি টাকা স্পর্শ করতে যাচ্ছে। চলতি এডিপিতে প্রকল্প সাহায্য হিসেবে বরাদ্দ ছিল ৯৪ হাজার কোটি টাকা। গতকাল মঙ্গলবার পরিকল্পনা মন্ত্রণালয়ের বর্ধিত সভায় আগামী অর্থবছরের এডিপির খসড়া চূড়ান্ত করা হয়েছে। পরিকল্পনামন্ত্রী আবদুস সালামের সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। ১৬ মে জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) সভা অনুষ্ঠিত হতে পারে। সেখানে আগামী অর্থবছরের এডিপি পাস হওয়ার কথা রয়েছে।

আগামী এডিপির আকার প্রসঙ্গে বড় অবকাঠামো বিশেষজ্ঞ ও সাবেক সচিব মুহাম্মদ ফাওজুল কবির খান প্রথম আলোকে বলেন, অর্থনীতির বর্তমান সময়ে কাঙ্ক্ষিত হারে রাজস্ব আদায় হচ্ছে না। তাই এডিপির আকার বড় করা যাচ্ছে না। এমনকি আগের বছরের চেয়ে স্থানীয় মুদ্রায় বরাদ্দ কমিয়ে দেওয়া হয়েছে।

সংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, এডিপির আকার বাড়ানোর মতো সরকারের যথেষ্ট আর্থিক সামর্থ্য নেই। রাজস্ব আদায়ে প্রবৃদ্ধি ১০-১২ শতাংশের মধ্যে সীমাবদ্ধ। গত এপ্রিল মাসে বেসরকারি গবেষণাপ্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) এক অনুষ্ঠানে সংস্থাটির সম্মানীয় ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য বলেছিলেন, রাজস্ব বাজেট থেকে উন্নয়ন প্রকল্পে একটি টাকাও দিতে পারছি না। ঋণ নিয়ে এত মেগা প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে, কিন্তু শিক্ষা, স্বাস্থ্যসহ আর্থসামাজিক উন্নয়নে এর প্রতিফলন নেই। এত কিছু করলাম, কিন্তু মানুষ সুবিধা পেল না কেন?' তিনি আরও বলেন, 'শিক্ষা খাতে এখনো জিডিপির ২ শতাংশ এবং স্বাস্থ্য খাতে ১ শতাংশের বেশি বিনিয়োগ বাড়াতে পারিনি।'

শিক্ষা-স্বাস্থ্যে বরাদ্দ কম, রাস্তাঘাট-বিদ্যুতে বেশি

আগামী অর্থবছরের এডিপিতে শিক্ষা ও স্বাস্থ্য খাতে বরাদ্দ তেমন একটা বাড়ছে না। কিন্তু পরিবহন ও যাতায়াত এবং বিদ্যুৎ ও জ্বালানি—এই দুটি খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হচ্ছে। এমনকি সরকারের অষ্টম পঞ্চম বার্ষিক পরিকল্পনায় এই দুটি খাতে এডিপির যত বরাদ্দ দেওয়ার পরিকল্পনা আছে, তার চেয়ে অনেক বেশি বরাদ্দ দেওয়া হচ্ছে। অথচ অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার চেয়ে শিক্ষা ও স্বাস্থ্যে কম বরাদ্দ দেওয়া হচ্ছে।

সরকারের অন্যতম অগ্রাধিকার খাত শিক্ষা ও স্বাস্থ্য। অথচ এই দুটি খাতেই পর্যাপ্ত বরাদ্দ দেওয়া হচ্ছে না। আগামী এডিপিতে সর্বোচ্চ প্রায় ২৭ শতাংশ বা ৭০ হাজার ৬৮৭ কোটি টাকা বরাদ্দ পাচ্ছে পরিবহন ও যোগাযোগ খাত। পঞ্চবার্ষিক পরিকল্পনায় আগামী বছর এডিপির ১৭ শতাংশ অর্থ বরাদ্দ দেওয়ার কথা ছিল এ খাতে। বিদ্যুৎ ও জ্বালানি খাত পাচ্ছে ৪০ হাজার ৭৫১ কোটি টাকা, যা মোট এডিপির সাড়ে ১৫ শতাংশ।

আগামী ২০২৪-২৫ অর্থবছরের প্রস্তাবিত এডিপিতে শিক্ষা খাতে বরাদ্দ রাখা হচ্ছে ৩১ হাজার ৫২৮ কোটি টাকা বা মোট এডিপির প্রায় ১২ শতাংশ। কিন্তু অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় এ খাতে মোট এডিপির সাড়ে ১৬ শতাংশ বরাদ্দের কথা বলা হয়েছিল। অন্যদিকে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় স্বাস্থ্য খাতে মোট এডিপির ১১ শতাংশ বরাদ্দের কথা থাকলেও আগামী এডিপিতে মিলছে মাত্র ৭ দশমিক ৮ শতাংশ। টাকার অঙ্কে যার পরিমাণ ২০ হাজার ৬৮২ কোটি টাকা। পরিকল্পনা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, আগামী অর্থবছরের এডিপিতে মোটাদাগে ১৫টি খাত ৯৬ শতাংশের বেশি বরাদ্দ পাচ্ছে। পরিবহন ও যাতায়াত; বিদ্যুৎ ও জ্বালানি; শিক্ষা; স্বাস্থ্য ছাড়া অন্য খাতগুলোর মধ্যে গৃহায়ণ খাতে ২৪ হাজার ৮৩৬ কোটি টাকা; স্থানীয় সরকার ও পল্লী উন্নয়নে ১৭ হাজার ৯৮৬ কোটি টাকা; পরিবেশ, জলবায়ু পরিবর্তন এবং পানিসম্পদ খাতে ১১ হাজার ৮৯ কোটি টাকা, কৃষি খাত ১৩ হাজার ২১৯ কোটি টাকা বরাদ্দ পাচ্ছে।

সমকাল
প্রকাশ: বুধবার, ০৮ মে ২০২৪ পৃষ্ঠা নং- ১২

দুই লাখ ৬৫ হাজার কোটি টাকার নতুন এডিপি

আবু হেনা মুহিব

উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে ব্যয় সংকোচন নীতি আগামী ২০২৪-২৫ অর্থবছরেও অব্যাহত থাকছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) নতুন প্রকল্প গ্রহণ নিরুৎসাহিত করা হয়েছে। অনুমোদিত প্রকল্প এবং এডিপি বা সংশোধিত এডিপি ম্যানেজমেন্ট সিস্টেমে (এএমএস) অন্তর্ভুক্ত রয়েছে শুধু এমন নতুন প্রকল্পকে বিবেচনায় নেওয়া হচ্ছে। বরাদ্দ প্রদান ও নতুন প্রকল্প নেওয়ার ক্ষেত্রে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ থেকে যে প্রস্তাব দেওয়া হয়েছে, তা অনেক ক্ষেত্রে আমলে নেওয়া হয়নি। চলতি এডিপিতে বাস্তবায়নের ধীরগতির বিষয়টিও বিবেচনায় নেওয়া হয়েছে। এসব কারণে নতুন এডিপির আকার তেমন বাড়ছে না।

পরিকল্পনা কমিশন সূত্রে জানা গেছে, চলতি অর্থবছরের মূল এডিপির তুলনায় আগামী অর্থবছরের এডিপির আকার বাড়ছে মাত্র শূন্য দশমিক ৭৬ শতাংশ। চলতি অর্থবছরও এ বৃদ্ধির হার ছিল কম, ৩ দশমিক ৬ শতাংশ। ২০২২-২৩ অর্থবছরে যা ছিল ৯ দশমিক ২০ শতাংশ। অর্থাৎ আগামী অর্থবছরের এডিপি এই তিন অর্থবছরের মধ্যে সবচেয়ে কম হারে বাড়ছে। নতুন এডিপির আকার দাঁড়াচ্ছে ২ লাখ ৬৫ হাজার কোটি টাকা। চলতি অর্থবছরের মূল এডিপির আকার ছিল ২ লাখ ৬৩ হাজার কোটি টাকা। অবশ্য সংশোধিত এডিপিতে যা কমে দাঁড়িয়েছে ২ লাখ ৪৫ হাজার কোটি টাকায়। চলতি অর্থবছরের মূল এডিপির চেয়ে মাত্র ২ হাজার কোটি টাকা বাড়ছে নতুন এডিপিতে। গতকাল সোমবার পরিকল্পনা কমিশনের বর্ধিত সভায় নতুন এডিপির খসড়া চূড়ান্ত করা হয়েছে। বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভাগের পক্ষ থেকে ২ লাখ ৭৬ লাখ ৪০ হাজার ২৪৬ কোটি টাকার প্রস্তাব করা হয়েছিল। আগামীকাল বৃহস্পতিবার জাতীয় অর্থনৈতিক পরিষদে (এনইসি) অনুমোদনের জন্য খসড়া এডিপি উপস্থাপন করা হবে। পরিকল্পনা কমিশনের এনইসি সম্মলেন কক্ষে অনুষ্ঠেয় বৈঠকে সভাপতিত্ব করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

নতুন এডিপিতে উন্নয়ন সহযোগীদের মাধ্যমে আসা বিদেশি ঋণ-অনুদানের পরিমাণ বাড়ছে। প্রকল্প ঋণ ও অনুদান হিসেবে থাকছে ১ লাখ কোটি টাকা, যা প্রস্তাবিত এডিপির মোট বরাদ্দের প্রায় ৩৮ শতাংশ। চলতি এডিপিতে এ উৎসের বরাদ্দ ছিল ৯৪ হাজার কোটি টাকা। অবশ্য সংশোধিত এডিপিতে তা ৮৩ হাজার ৫০০ কোটি টাকায় নেমে আসে। অর্থাৎ, সংশোধিত এডিপির তুলনায় বাড়ছে ১৬ হাজার ৫০০ কোটি টাকা বা প্রায় ২০ শতাংশ।

এ বিষয়ে জানতে চাইলে এডিপি প্রণয়নের সঙ্গে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা সমকালকে বলেন, বাস্তবতা হচ্ছে, বরাদ্দ দেওয়া অর্থও খরচ করা সম্ভব হয় না। ব্যবস্থাপনা সমস্যা, আমলাতান্ত্রিক জটিলতাসহ আরও কিছু কারণে উন্নয়ন প্রকল্প যথাসময়ে শেষ হচ্ছে না। এটি দীর্ঘদিনের সমস্যা। রাজস্ব আয়ও তেমন বাড়ানো যাচ্ছে না। ফলে অর্থ সংকটের মধ্যে এডিপিতে বাস্তবায়ন অযোগ্য বরাদ্দের যুক্তি থাকতে পারে না।

সূত্র জানায়, সরকারের অগ্রাধিকার ভিত্তিতে খসড়া এডিপি তৈরি করা হয়েছে। এতে খাদ্য নিরাপত্তা এবং জলবায়ুর অভিঘাত মোকাবিলায় সংশ্লিষ্ট প্রকল্পে অগ্রাধিকার দেওয়া হয়েছে। এ ছাড়া স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ, রপ্তানি আয় বাড়ানো ও কর্মসংস্থান সৃষ্টির বিষয়ে বিশেষ জোর দেওয়ার প্রচেষ্টা রয়েছে। নতুন এডিপিতে প্রকল্প প্রস্তাবের ক্ষেত্রে পরিকল্পনা কমিশন কিছু নির্দেশনা দেয় গত মার্চে। এতে বলা হয়, নতুন প্রকল্প নেওয়ার চেয়ে চলমান প্রকল্প যথাসময়ে শেষ করায় বিশেষ গুরুত্ব দিতে হবে। সম্পদের সীমাবদ্ধতা বিবেচনায় একান্ত অপরিহার্য এবং উচ্চ অগ্রাধিকার না হলে সরকারি অর্থায়নে নতুন প্রকল্প নেওয়া যাবে না। প্রস্তাবিত এডিপির খাতভিত্তিক বিশ্লেষণে দেখা যায়, সবচেয়ে বেশি ৭০ হাজার ৬৮৭ কোটি টাকা বরাদ্দ পাচ্ছে পরিবহন ও যোগাযোগ খাত। দ্বিতীয় বড় বরাদ্দ ৪০ হাজার ৭৫১ কোটি টাকা পাচ্ছে জ্বালানি ও বিদ্যুৎ বিভাগ। এর পরের অবস্থানে থাকা শিক্ষা খাত পাচ্ছে ৩১ হাজার ৫২৮ কোটি টাকা।

প্রথম আলো

প্রকাশ: বুধবার, ০৮ মে ২০২৪ পৃষ্ঠা নং- ১১

দেশে প্রবৃদ্ধির হার নিয়ে এক দশক ধরে খেলা চলছে

মোয়াজ্জেম হোসেন স্মারক বক্তৃতা

ইআরএফ আয়োজিত এ অনুষ্ঠানে একক বক্তা ছিলেন সিপিডির সম্মাননীয় ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য। তিনি বলেন, অর্থনীতিতে চার ধরনের ঘাটতি রয়েছে।

বক্তব্য দেন সিপিডির সম্মাননীয় ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য। গতকাল ঢাকার পুরানা পল্টনে ইআরএফ কার্যালয়ে। প্রথম আলো

বিশেষ প্রতিনিধি, ঢাকা

মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রবৃদ্ধির হার নিয়ে এক দশক ধরে খেলা করা হচ্ছে বলে মন্তব্য করেছেন বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মাননীয় ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য। তিনি বলেন, একটা সূচক নিয়ে খেলা করলে তা কারও (অন্য সূচক) পক্ষে যায়, কারও বিপক্ষে। এ কারণে অন্য সূচকও আঘাতপ্রাপ্ত হয়। যেমন আঘাতপ্রাপ্ত হয়েছে কর-জিডিপির হার। এটি আর বাড়তেই পারছে না। দেবপ্রিয় বলেন, প্রবৃদ্ধির হার ভালো থাকলে বিনিয়োগ ও রাজস্ব আয় যেমন ভালো থাকে, কর্মসংস্থানও ভালো হয়। কিন্তু প্রবৃদ্ধির হারের সঙ্গে এসব সূচকের মিল পাওয়া যাচ্ছে না।

রাজধানীর নয়াপল্টনে গতকাল মঙ্গলবার ইকোনমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ) আয়োজিত মোয়াজ্জেম হোসেন স্মারক বক্তৃতায় দেবপ্রিয় ভট্টাচার্য এসব কথা বলেন। ইআরএফ কার্যালয়ে আয়োজিত 'সামষ্টিক অর্থনীতির চ্যালেঞ্জ ও এগিয়ে যাওয়ার উপায়' শীর্ষক এ স্মারক বক্তৃতা অনুষ্ঠানে একক বক্তা ছিলেন দেবপ্রিয়। ইআরএফ সভাপতি রেফায়েত উল্লাহ মীরধার সভাপতিত্বে অনুষ্ঠানে ইংরেজি দৈনিক ফিন্যান্সিয়াল এক্সপ্রেস - এর সম্পাদক শামসুল হক জাহিদ বক্তব্য দেন। সঞ্চালক ছিলেন সংগঠনটির সাধারণ সম্পাদক আবুল কাশেম। ফিন্যান্সিয়াল এক্সপ্রেস - এর প্রতিষ্ঠাতা সম্পাদক প্রয়াত মোয়াজ্জেম হোসেনের সম্মানে এ স্মারক বক্তৃতার আয়োজন করেছে ইআরএফ।

বক্তব্যের শুরুতেই দেবপ্রিয় ইআরএফের প্রতিষ্ঠাতা সভাপতি এ এইচ এম মোয়াজ্জেম হোসেনের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, দেশের প্রায় সব ইংরেজি দৈনিকে কাজ করেছেন মোয়াজ্জেম হোসেন। তিনি ইংরেজি সাংবাদিকতার স্তম্ভ এবং অর্থনৈতিক সাংবাদিকতার স্থপতি।

অর্থনৈতিক প্রবৃদ্ধিকে সুতা কাটা ঘুড়ির সঙ্গে তুলনা করে দেশের সামগ্রিক অর্থনীতিতে চার ধরনের ঘাটতি রয়েছে বলে মনে করেন দেবপ্রিয়। এ ঘাটতির কারণেই জিডিপির অনুপাতে রাজস্ব আয় বাড়ছে না। বাড়ছে না স্বাস্থ্য, শিক্ষা ও সামাজিক নিরাপত্তা খাতে প্রত্যাশিত বিনিয়োগ। প্রবৃদ্ধি অনেকটা এক ইঞ্জিনবিশিষ্ট বোয়িং চলার মতো। আর অতিমূল্যায়িত প্রকল্পগুলো হয়ে গেছে গলার কাঁটার মতো।

ডাল মে কুচ কালা হ্যায়

দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, এত দিন গর্ব করা হতো—বিদেশি ঋণ নিয়ে কখনো খেলাপি হয়নি বাংলাদেশ। কিন্তু সাম্প্রতিক সময়ে তেল আমদানির অর্থ পরিশোধ করা যাচ্ছে না। বিদেশিরা নিতে পারছে না মুনাফা। এয়ারলাইনস ব্যবসায়ীরা অর্থ পাচ্ছে না। তার মানে গর্বের জায়গায় ফাটল ধরে গেছে।

বাংলাদেশ ব্যাংকের তথ্যের ভিত্তিতে কিছু প্রতিবেদন প্রকাশিত হয়েছে, এ কথা উল্লেখ করে দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, এগুলো বাংলাদেশ ব্যাংকের কাছে অনেকটা 'হঠাৎ আলোর ঝলকানি' । এ আলো তারা সহ্য করতে পারছে না। কারণও আছে। আলো শুধু আলোই দেয় না, তাপও দেয়। তার মানে সেখানে 'ডাল মে কুচ কালা হ্যায়' ।

দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, আগে তথ্য-উপাত্তের নৈরাজ্য ছিল, এখন হয়েছে অপঘাত। তথ্যের অপঘাতে বাংলাদেশ ব্যাংকেরই সুনামহানি হচ্ছে।

নীতি-নেতৃত্ব দুর্বল হয়ে গেছে

দেশের নীতি-নেতৃত্ব দুর্বল হয়ে গেছে উল্লেখ করে দেবপ্রিয় ভট্টাচার্য প্রশ্ন রাখেন, কেন্দ্রীয় ব্যাংক নির্দেশনা দেওয়ার পরও একটি ব্যাংকের মালিকানা কীভাবে বদল হয়ে যায়? তিনি বলেন, এমনকি নীতি ব্যাখ্যা করার জন্যও কাউকে পাওয়া যায় না। এ ছাড়া আছে নীতি সমন্বয়ের অভাব ও সমন্বয়হীনতা মোকাবিলা করার ক্ষেত্রে রাজনৈতিক শক্তির দুর্বলতা। পাশাপাশি মুদ্রানীতি ও আর্থিক নীতি সমন্বয়ের ক্ষেত্রেও ব্যবস্থাপনাগত দুর্বলতা রয়েছে। এগুলো দূর করতে হবে এবং মুদ্রা বিনিময় হার ও সুদহারে আনতে হবে নমনীয়তা। বাংলাদেশ ব্যাংকের তথ্য নিয়ন্ত্রণের সমালোচনা করে দেবপ্রিয় বলেন, এ ধরনের কাজ তখনই হয়, যখন বহুবাদ বা গণতন্ত্র উঠে যায়। উর্দি পরা ও উর্দিবিহীন আমলারা এগুলো করেন। কারণ, তাঁরা মানুষের সামনে জবাবদিহি করতে ভয় পান।

নয়া দিগন্ত

প্রকাশ: বুধবার, ০৮ মে ২০২৪ পৃষ্ঠা নং-১২

আমদানির ৫ বিলিয়ন ডলার দায় শোধ করতে পারছে না বাংলাদেশ

বিশেষ সংবাদদাতা

- বাংলাদেশ ব্যাংকে 'ডাল মে কুচ কালা হে' : ড. দেবপ্রিয় ভট্টাচার্য
- তথ্যের অপঘাতে বাংলাদেশ ব্যাংকের সুনামের হানি হচ্ছে

সাম্প্রতিক সময়ে বিদেশ থেকে তেল আমদানি করে অর্থ পরিশোধ করা সম্ভব হচ্ছে না উল্লেখ করে বিশিষ্ট অর্থনীতিবিদ ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেছেন, 'বাংলাদেশ এতদিন গর্বের সঙ্গে দাবি করতো যে দেনা পরিশোধে কখনো খেলাপি হয়নি। সে দাবি এখন আর থাকছে না। ঋণ পরিশোধ করতে চাপ সৃষ্টি করা হচ্ছে। জ্বালানির বিল, বৈদেশিক কোম্পানির মুনাফা, বিদেশী এয়ারলাইন্সের পাওনাসহ বিভিন্ন ক্ষেত্রে ৫ বিলিয়ন ডলার যথাসময়ে পরিশোধ করা সম্ভব হয়নি।'

এসব তথ্য-উপাত্ত বাংলাদেশ ব্যাংক দেয় উল্লেখ করে তিনি আরো বলেন, সেখানে সাংবাদিকদের প্রবেশ নিষেধ। তার মানে সেখানে 'ডাল মে কুচ কালা হে' । এখন এটা কি মসুর ডাল নাকি মুগ ডাল নাথকি সব জায়গাতেই ডাল- এটাই এখন বোঝার বিষয়।

বর্তমানে সাংবাদিক ও জনপ্রতিনিধিরা তথ্য পাচ্ছেন না, পাচ্ছেন ব্যবসায়িরা- এই মন্তব্য করে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সিপিডির বিশেষ ফেলো ড. দেবপ্রিয় আরো বলেন, এতদিন তথ্যের নৈরাজ্য চলছিল, এখন অপঘাত ঘটছে। বাংলাদেশ ব্যাংকে সাংবাদিক প্রবেশ করতে দিচ্ছে না। তা কী বার্তা দিচ্ছে। এখন ওখানে এমন কিছু ঘটছে তা যদি জনসমক্ষে প্রকাশ পায় তাহলে বড় ধরনের 'নাশকতা' হয়ে যাবে। এই নাশকতাকারীরা হচ্ছে বাংলাদেশের অর্থনৈতিক সাংবাদিকরা!

গতকাল মঙ্গলবার রাজধানীর পল্টনে ইকোনমিক রিপোর্টার্স ফোরামের (ইআরএফ) প্রতিষ্ঠাতা সভাপতি মোয়াজ্জেম হোসেনের স্মরণে 'মোয়াজ্জেম হোসেন স্মারক বক্তৃতা' অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন ড. দেবপ্রিয়। তিনি দেশের সমসাময়িক অর্থনৈতিক পরিস্থিতি, ব্যাংকিং খাতসহ সামগ্রিক আর্থিক খাতের বর্তমান পরিস্থিতি তুলে ধরেন।

ইআরএফ-এর সাধারণ সম্পাদক আবুল কাশেমের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে অংশ নেন সংগঠনটির প্রতিষ্ঠাকালীন আহ্বায়ক ও ইংরেজি দৈনিক দ্য ফাইন্যান্সিয়াল এক্সপ্রেসের সম্পাদক শামসুল হক জাহিদ এবং ইআরএফ সভাপতি রেফায়েত উল্লাহ মীরধা।

তথ্য লুকাতে বাংলাদেশ ব্যাংক সেখানে সাংবাদিক প্রবেশ করতে দিচ্ছে না উল্লেখ করে দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, আমাদের একটা গর্ব ছিল, বিদেশী ঋণ নিয়ে আমরা কখনো খেলাপি হইনি। কিন্তু সাম্প্রতিক সময়ে তেল আমদানি করে আমরা অর্থ পরিশোধ করতে পারছি না। দেশে ব্যবসা করা বিদেশীরা মুনাফা নিতে পারছে না। এয়ারলাইন্স ব্যবসায়ীরা অর্থ পাচ্ছে না। তার মানে গর্বের জায়গায় ফাটল ধরিয়ে দিয়েছে। এসব তথ্য-উপাত্ত বাংলাদেশ ব্যাংক দেয়। সেখানে প্রবেশ নিষেধ। দেশ এখন এলডিসি থেকে উন্নয়নশীল দেশের দিকে যাচ্ছে। সরকার ডিজিটাল ও স্মার্ট বাংলাদেশ বলছে। এই সময় 'তথ্যের নৈরাজ্য' সম্পূর্ণভাবে সাংঘর্ষিক বলে মন্তব্য করেন সিপিডির এ সম্মানীয় ফেলো।

একদিকে তথ্য লুকিয়ে রাখা হবে, আরেক দিকে ডিজিটাল বাংলাদেশ ও স্মার্ট বাংলাদেশ গড়ার চিন্তা করা হবে, এ দুটি সাংঘর্ষিক বলে মনে করেন দেবপ্রিয় ভট্টাচার্য।

দেবপ্রিয় ভট্টাচার্য অভিযোগ করে বলেন, জনপ্রতিনিধি ও সাংবাদিকরা তথ্য পাচ্ছেন না; কিন্তু ব্যবসায়ীরা পাচ্ছেন। ব্যবসায়ীদের তথ্য দেয়া হলে বাজারে প্রভাব পড়ে, জিনিসপত্রের দাম বেড়ে যায়।

তথ্যের অপঘাতে বাংলাদেশ ব্যাংকের সুনামের হানি হচ্ছে উল্লেখ করে দেবপ্রিয় বলেন, 'তথ্য-উপাত্তের বড় উৎস বাংলাদেশ ব্যাংক। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) তথ্যের আগে রফতানি-আমদানিসহ আর্থিক সূচকের জন্য কেন্দ্রীয় ব্যাংকের তথ্যের ওপর নির্ভরশীল ছিলাম আমরা। কিন্তু এখন দেখা যাচ্ছে, তথ্য কেউ পাচ্ছে, কেউ পাচ্ছে না; ব্যবসায়ীরা তথ্য পাচ্ছে অথচ সাংবাদিকরা পাচ্ছে না।'

দেশের নীতি নেতৃত্ব দুর্বল হয়ে গেছে মনে করে তিনি বলেন, নীতি ব্যাখ্যা করার জন্য কাউকে পাওয়া যায় না। দেশে নীতি সমন্বয়ের অভাব আছে, এ সমন্বয়হীনতা মোকাবেলা করার ক্ষেত্রে রাজনৈতিক শক্তির দুর্বলতা আছে। কেন্দ্রীয় ব্যাংক নির্দেশনা দেয়ার পরও একটি ব্যাংকের মালিকানা বদল হয়ে গেল কেন- প্রশ্ন রাখেন দেবপ্রিয়।

বর্তমান অর্থনীতি পরিস্থিতি নিয়ে তিনি বলেন 'মুদ্রানীতি ও আর্থিকনীতি সমন্বয় করার ক্ষেত্রে ব্যবস্থাপনাগত দুর্বলতা রয়েছে। এটা দূর করতে হবে। একইভাবে মুদ্রার বিনিময় হার ও সুদহারেও নমনীয়তা আনতে হবে।'

ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, 'এখন শোনা যাচ্ছে রেমিট্যান্সের টাকা দিয়ে স্থানীয় শিল্প মালিকরা বিদেশে শিল্পের কাঁচামাল কিনছেন। এভাবে ২ বা ৩ শতাংশ প্রণোদনা দিয়ে রেমিট্যান্স বাড়ানো যাবে না। এ ক্ষেত্রে আরো নমনীয় হতে হবে। সুদহারেও নমনীয়তা আনতে হবে। মুদ্রানীতি ও আর্থিকনীতি সমন্বয় করার ক্ষেত্রে ব্যবস্থাপনাগত দুর্বলতা রয়েছে, সেটা দূর করতে হবে অর্থনীতির স্বার্থে।'

তিনি বলেন, 'দেশের সামগ্রিক অর্থনীতিতে চারটি ঘাটতি রয়েছে। ফলে জিডিপির আনুপাতিক হারে রাজস্ব আয়, স্বাস্থ্য, শিক্ষাসহ সামাজিক খাতে বিনিয়োগ বাড়ানো যাচ্ছে না। মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রবৃদ্ধি হচ্ছে এক ইঞ্জিনবিশিষ্ট বোয়িংয়ের চলার মতো। সরকারের বিনিয়োগ থেকে প্রবৃদ্ধি হচ্ছে কিন্তু বেসরকারি বিনিয়োগ বাড়ছে না। আমাদের দ্বিতীয় ঘাটতি হলো রাজস্ব আয়ে। জিডিপি বাড়লেও আনুপাতিক হারে রাজস্ব আয় বাড়ানো যাচ্ছে না। আবার বিনিয়োগ বাড়ানো যাচ্ছে না স্বাস্থ্য, শিক্ষাসহ সামাজিক খাতে। অতিমূল্যায়িত প্রকল্প গলার কাঁটা হয়ে দাঁড়াচ্ছে।'

সাংবাদিক মোয়াজ্জেম হোসেন স্মরণে তিনি বলেন, ইংরেজি দৈনিক ফিন্যান্সিয়াল এক্সপ্রেসের সদ্যপ্রয়াত সম্পাদক এএইচএম মোয়াজ্জেম হোসেন পুরোপুরি পেশাদার ও পরিশুদ্ধ সাংবাদিক ছিলেন। সততা, নৈতিকতার সঙ্গে পুরোপুরি পক্ষপাতহীনভাবে সবসময় দায়িত্ব পালন করেছেন। অর্থনীতির সাংবাদিকতার পুরোধা ছিলেন তিনি।

যুগান্তর
সত্যের সন্ধানে নিরন্তর THE DAILY JUGANTOR
প্রকাশ: বুধবার, ০৮ মে ২০২৪ পৃষ্ঠা নং-০১

যুগান্তরকে বিকেএমইএর নির্বাহী সভাপতি

আইএমএফের প্রেসক্রিপশনে বাজেট ভয়ংকর হবে

কাস্টমস-ভ্যাটের হয়রানি অব্যাহত থাকলে ব্যবসা-বাণিজ্য বন্ধ হতে বাধ্য * নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ নিশ্চিত করা জরুরি

সাদ্দাম হোসেন ইমরান

আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) ঋণের শর্ত হিসাবে কর অব্যাহতির পরিমাণ কমিয়ে আনতে বলেছে। এই শর্ত পূরণে আলাপ-আলোচনা ছাড়া ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে ঢালাওভাবে কর অব্যাহতি তুলে দেওয়া হলে তা স্থানীয় শিল্পের জন্য ভয়ংকর হবে। আইএমএফের প্রেসক্রিপশন অনুযায়ী বাজেটে রাজস্ব নীতি গ্রহণ যৌক্তিক হবে না। যুগান্তরকে দেওয়া একান্ত সাক্ষাৎকারে এসব কথা বলেছেন নিটপণ্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতির (বিকেএমএই) নির্বাহী সভাপতি মোহাম্মদ হাতেম। সাক্ষাৎকার নিয়েছে স্টাফ রিপোর্টার সাদ্দাম হোসেন ইমরান

যুগান্তর : ব্যবসা-বাণিজ্য সহজীকরণে বাজেটে কী পদক্ষেপ থাকা উচিত?

মোহাম্মদ হাতেম : ব্যবসা-বাণিজ্য সহজীকরণের বিষয়টি অনেক বিস্তৃত। মোটা দাগে তৈরি পোশাক শিল্পের জন্য জ্বালানি সংকট দূর করে নিরবচ্ছিন্ন জালানি সরবরাহ নিশ্চিত করতে হবে। ম্যান মেইড ফাইবারের কাঁচামাল আমদানিতে শুল্ক কর প্রত্যাহার করতে হবে। সর্বোপরি আমদানি ও রপ্তানির সব স্তরে কাস্টমসের জটিলতা দূর করে হয়রানিমুক্ত পরিবেশ নিশ্চিতে গুরুত্ব দেওয়ার বিকল্প নেই। শুধু নামকাওয়াস্তে নয়, রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানকে প্রকৃত অর্থে ভ্যাটের আওতামুক্ত রাখতে আইনি সংস্কার জরুরি। রাস্তাঘাটে বিভিন্ন স্থানে রপ্তানি শিল্পের মালামাল বহনকারী গাড়ি আটকানো এবং জরিমানার বিধান থাকতে হবে বাজেটে। ডলারের দামের ওঠানামা বন্ধ ও সুদ হার স্থিতিশীল রাখতে হবে।

যুগান্তর : আইএমএফের পরামর্শে কর অব্যাহতি কমিয়ে আনার পরিকল্পনা থাকছে বাজেটে। এতে স্থানীয় শিল্প ক্ষতিগ্রস্ত হবে কিনা?

মোহাম্মদ হাতেম : আন্তর্জাতিক কোনো সংস্থাই চায় না বাংলাদেশ অর্থনৈতিকভাবে স্বয়ংসম্পূর্ণ হোক বা দেশীয় শিল্প বিকশিত হোক। তারা চায় ঋণের ফাঁদে ফেলে বাংলাদেশের অগ্রগতি স্থবির করে রাখতে। যেমন সামান্য ঋণের বিনিময়ে আইএমএফ শিল্পের কর অব্যাহতি তুলে দেওয়া বা জ্বালানির ভর্তুকি কমিয়ে আনার মতো শর্ত দিয়েছে। বাংলাদেশকেই ঠিক করতে হবে, শর্ত কতটুকু মানা হবে। কারণ প্রধানমন্ত্রীর প্রাজ্ঞ নেতৃত্বের কারণে বাংলাদেশ বিশ্বব্যাংকের সিদ্ধান্ত চ্যালেঞ্জ করে পদ্মা সেতুর মতো বিশাল অবকাঠামো নির্মাণ করতে সক্ষম হয়েছে। এ নির্বাচনের আগেও এক পরাশক্তির রক্তচক্ষুকে উপেক্ষা করে সুষ্ঠু-শান্তিপূর্ণ নির্বাচন উপহার দিয়ে সাহকিতার পরিচয় দিয়েছেন। সুতরাং দেশের জনবিরোধী ও শিল্পায়নবিরোধী আইএমএফের সিদ্ধান্ত কোনোভাবেই মানা ঠিক হবে না।

যুগান্তর : ভর্তুকি কমিয়ে আনতে সরকার জ্বালানির দাম বাড়ানোর পরিকল্পনা করছে। এতে শিল্পে কেমন প্রভাব পড়বে?

